স্বঃ। পীতবর্ণ, প্রায় গন্ধহীন।

ক্রিয়া। স্নিগ্ধকারক, বিরেচক, আবরক। অন্যান্য বিরেচক ও স্নিগ্ধকারক ঔষধসহ ব্যবহার হয়। উগ্র বিষ দ্বারা বিষাক্ত হইলে ব্যবহার হয়।

১০ম স্নিগ্ধকারক।

অইল্ অব্ থিয়োব্রোমা—Oleum Theobromatis.

থিয়োব্রোমা ক্যাকায়ো বৃক্ষের গাঢ় তৈল।

স্বঃ। পীতবর্ণ, ঘন, আস্বাদ মন্দ নহে।

ক্রিয়া। স্নিগ্ধকারক।

ট্যানিক্ এসিড্, হাইড্রার্জিরাই, মর্ফিয়া ও প্লম্বাই কম্পোজিটস্ সপোজিটরি প্রস্তুত জন্য আবশ্যক হয়।

১১শ স্নিগ্ধকারক।

লিন্সিড্ (মসিনা)—Lini Semina.

লিনম্ ইউসেটেটি সিমম্ ওষধির বীজ।

প্রঃ রূঃ। (১) ইন্‌ফিউসম্ লিনি। (লিন্সিড্ ১৬০ গ্রেণ্, যষ্টিমধু ৬০ গ্রেণ্, উষ্ণ পরিস্রুত জল ১০ আং।)

(২) ওলিয়ম্ লিনি। মসিনা তৈল।

(৩) লিন্সিড্ পুলটীশ্ (মসিনার খৈল ৪ আং, স্ফুটিত জল ১০ আং)।

ক্রিয়া। স্নিগ্ধকারক। শিথিলকারক, আর্দ্রকারক।

ব্যবহার। বিবিধ ক্ষতে, উদরাময়ে, অতিসার রোগে ব্যবহার হয়।

১২শ স্নিগ্ধকারক।

রেজিন্স—(কিস্‌মিস্)—Uvæ Raisins.

ভাইটিস্ ভাইনিফেরা বৃক্ষের পক্ব ফল।

ক্রিয়া। স্নিগ্ধকারক ও অল্প পোষক।

১৩শ স্নিগ্ধকারক।

মলবারি জুস—Mori Succus.

(তুঁত ফলের রস)

মোরস্ নাইগ্রা বৃক্ষের পক্ব ফলের রস।

প্রঃ রূঃ। সিরপ্‌স মোরাই। (মলবারি জুস্ ১ পাইন্ট, পরিষ্কৃত চিনি ২৷৹ পাউণ্ড, শোধিত সুরা ২॥৹ আং। মাত্রা ১ ড্রাম।)

স্বঃ। গাঢ় ধূসরবর্ণ, অম্ল মধুর আস্বাদযুক্ত।

ক্রিয়া। স্নিগ্ধকারক।

১৪শ স্নিগ্ধকারক।

আইসল্যাণ্ড মস্—Cetraria—Iceland Moss.

সিট্রারিয়া আইস্‌ল্যাণ্ডিকা নামক শৈবাল।

প্রঃ রূঃ। (ডিককৃটম্ সিট্রারি। (আইস্‌ল্যাণ্ডমস্ ১ আং, পরিস্রুত জল ১ পাইন্ট্। মাত্রা ১—৪ আং।)

১৫শ স্নিগ্ধকারক।

ষ্টার্চ।—(শ্বেতসার)—Amylum — Starch.

গোধূমাদি হইতে প্রচুর পরিমাণে পাওয়া যায়।

প্রঃ রূঃ। (১) গ্লিস্রীনি এমিলি। (ষ্টার্চ্চ ১ আং, গ্লিস্রীন্ ৫ আং, প.রস্রুত জল ৩ আং।)

(২) মিউসিলেগো এমিলি। (ষ্টার্চ্চ ১২০ গ্রেণ, পরিস্রুত জল ১০ আং) এনিমা এলোজ্, এনিমা ম্যাগ্নেসি সল্ফ, এনিমা ওপিয়াই, এনিমা টেরিবিন্থিনি প্রস্তুতে আবশ্যক হয়।

স্বঃ। শ্বেতবর্ণ চূর্ণ। আইওডিন্ সহযোগে সবুজবর্ণ হয়।

ক্রিয়া। স্নিগ্ধকারক, পোষক, শোষক, আবরক।

ব্যবহার। ডিসেণ্ট্রি, ডায়েরিয়া, কিম্বা অন্য প্রকার আভ্যন্তরিক যন্ত্রের পীড়ায় ব্যবহার হয়। আইওডিন্ বিষাক্ত হইলে ইহা প্রয়োগে রাসায়নিক ক্রিয়া দ্বারা আইওডিনের ক্রিয়ার হানি হয়। দগ্ধ স্থানে ব্যবহারে উপকার হয়।

১৬শ স্নিগ্ধকারক।

পারল্ বার্লি—(যব) — Hordeum Decorticatum.

হর্ডিয়ম্ ডিস্টিকন্ ওষধির আস্বাদহীন বীজ।

প্রঃ রূঃ। ডিককৃটম্ হর্ডিয়াই। (পারল্ বার্লি ২ আং, পরিস্রুত জল ১॥০ পাইণ্ট্।)

ক্রিয়া। স্নিগ্ধকারক।

১৭শ স্নিগ্ধকারক।

রিফাইণ্ড সুগার্—(পরিস্কৃত চিনি)—Refined Sugar.

স্যাকারম্ অফিসিনেরম্ ওষধির রস হইতে প্রস্তুত হয়।

ক্রিয়া। স্নিগ্ধকারক, পোষক, শৈত্যকারক। লোজেঞ্জেস্, পিল্, সিরপ্ ইত্যাদি প্রস্তুত জন্য আবশ্যক হয়।

প্রঃ রূঃ। সিরপ্ (পরিষ্কৃত চিনি ৫ পাউণ্ড, পরিস্রুত জল ৭৷৷০ পাউণ্ড) মাত্রা ১—২ ড্রাম।

১৮শ স্নিগ্ধকারক।

টিয়াক্ল—(কোতরা গুড়)—Treacle.

ক্রিয়া। স্নিগ্ধকারক, অল্প বিরেচক।

১৯শ স্নিগ্ধকারক।

সুইট আমণ্ডস্—(মিষ্ট বাদাম)—Sweet Almonds

এমিগ্ডেলস্ কমিউনিস্ বৃক্ষের ফলাভ্যন্তরস্থ শস্য।

প্রঃ রূঃ। (১) ওলিয়ম্ এমিগ্ডেলি (তিক্ত ও মিষ্ট বাদাম হইতে পাওয়া যায়।)

(২) পল্ভিস্ এমিগ্ডেলি কম্পোজিটস্। মিষ্ট বাদাম ৮ আং, পরিষ্কৃত চিনি ৪ আং, গম্ একেসিয়া চূর্ণ ১ আং।)

(ক) মিশ্চুরা এমিগ্ডেলি। (কম্পাউণ্ড পাউডার অব্ আমণ্ডস্ ২৷৷০ আং, পরিস্রুত জল ১৬ আং। মাত্রা ১—২ আং।)

ক্রিয়া। স্নিগ্ধকারক, পোষক, অল্প বিরেচক।

২০শ স্নিগ্ধকারক।

ইক্থাইওকোলা—আইসিংগ্ল্যাস — Icthyocolla.

এসিপেন্সর জাতীয় মৎস্যের বায়ুকোষ।

স্বঃ। দেখিতে শ্বেতবর্ণ পাতলা, খণ্ড খণ্ড, গন্ধাস্বাদহীন।

ক্রিয়া। স্নিগ্ধকারক, বলকারক। রোগীর পথ্য জন্যও ব্যবহৃত হয়।

২১শ স্নিগ্ধকারক।

জিলেটিনম্—জিলেটিন—Gelatinum.

চর্ম্ম, সন্ধিবন্ধনী, অস্থি প্রভৃতি জেলেটিন্‌যুক্ত জান্তব পদার্থ হইতে প্রস্তুত হয়।

স্বঃ। স্বচ্ছ ফলক বা সূক্ষ্ম খণ্ড।

ফার্ম্মাকোপিয়ায় সপোজিটরী, গ্লিসরীন্ প্রভৃতি প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

ক্রিমিনাশক।

১ম ক্রিমিনাশক।

স্যাণ্টোনিকা—Santonica.

মাত্রা ২—৬ গ্রেণ্।

আর্টিমিসিয়া বৃক্ষের মঞ্জরী।

প্রঃ রূঃ। স্যাণ্টোনিন্ (স্যাণ্টোনিয়ম্ কুট্টিত্ ১ পাউণ্ড, চূণ ৭ আং, হাইড্রোক্লোরিক্ এসিড্ আবশ্যক মত, এমোনিয়া দ্রব ॥০ আং, শোধিত সুরা ১৪ আং, জান্তবাঙ্গার ৬০ গ্রেণ্, পরিস্রুত জল আবশ্যক মত। মাত্রা ২—৬ গ্রেণ।)

ক্রিয়া। ক্রিমিনাশক। মহীলতার ন্যায় (Round worm) ক্রিমিতে মহোপকারক।

প্রঃ রূঃ। স্যাণ্টোনাইন্ লোজেঞ্জন্ (স্যাণ্টোনিন্ ৭২০ গ্রেণ,

বিশুদ্ধ শর্করা ২৫ আং, আরবি গঁদ চূর্ণ ১ আং, আরবি গঁদের মণ্ড ২ আং, পরিস্রুত জল আবশ্যক মত। ৭২০টী চাক্তি করিবে। মাত্রা ১—৬ চাক্তি)

২য় কৃমিনাশক।

কমেলা—Kamala.

মাত্রা ৩০ গ্রেণ—১০ আং।

রট্‌লিরা টিংটোরিয়া বৃক্ষের গাত্রস্থিত লোহিতবর্ণ চূর্ণ।

স্বঃ। পাটলবর্ণ, সূক্ষ্ম, চূর্ণ।

ক্রিয়া। কৃমিনাশক। ফিতার ন্যায় (Tapeworm) কৃমিতে সমূহ উপকার করে।

৩য় কৃমিনাশক।

কুসো—Kousso.

মাত্রা ।০—॥০ আং।

ব্রেয়ারা এন্থেলমেন্টিকা বৃক্ষের পুষ্প।

প্রঃ রূঃ। ইনফিউসম্ কুসো। (কুসো চূর্ণ ॥০ আং, স্ফুটিত পরিস্রুত জল ৪ আং। মাত্রা ৪—৮ আং।)

স্বঃ। রক্ত পাটলবর্ণ চূর্ণ।

ক্রিয়া। কৃমিনাশক। ফিতার ন্যায় কৃমিতে ব্যবহার হয়।

৪র্থ কৃমিনাশক।

গ্রেনাম গ্রানেট্ রুটবার্ক—Granati Radicis Cortex.

দাড়িম্ব মূলের বল্কল।

পিউনিকা গ্রানেটম্ বৃক্ষের মূলের বল্কল।

প্রঃ রূঃ। ডিককৃটম্ গ্রানেটাই র‍্যাডিসিস্। (দাড়িম্বমূলত্বক্ ২ আং, পরিস্রুত জল ২ পাইণ্ট, মাত্রা ১ হইতে ৩ আং।)

ক্রিয়া। কৃমিনাশক।

৫ম কৃমিনাশক।

মেলফার্ণ—Filixmas—Melfern.

এস্পিডিয়ম্ ফিলিকস্‌মাস বৃক্ষের শুষ্ক কন্দ।

প্রঃ রূঃ। একষ্ট্রাক্টম্ ফিলিসিস্ লিকুইডম্। (মেলফার্ণ চূর্ণ ২ পাউণ্ড, ইথর ৪ পাইণ্ট। মাত্রা ১৫—৩০ মিনিম্)।

স্বঃ। ধূসরবর্ণ, দুর্গন্ধযুক্ত, কদর্য্য আস্বাদ।

ক্রিয়া। কৃমিনাশক। ফিতার ন্যায় কৃমিতে উপকারক।

দাহক।

১ম দাহক।

কষ্টিক পটাশ—Pottassa Caustica.

২ পাইণ্ট পটাশ সল্যুউসন্ রৌপ্য বা পরিষ্কার লৌহপাত্রে ফুটাইয়া তৈলবৎ গাঢ় করিবে, পরে ছাঁচে ঢালিবে ও অল্প উষ্ণ থাকিতে বোতলে পূরিবে।

লাইকর পটাশি প্রস্তুত জন্য আবশ্যক হয়।

সঃ। কঠিন, শ্বেতবর্ণ বা বর্ত্তিকাকার, তীক্ষ্ণ ক্ষার।

ক্রিয়া। জলশোষক, প্রবল দাহক, কিন্তু প্রায় দাহকরূপে ব্যবহার হয় না। আভ্যন্তরিক ব্যবহার হয় না। ইহার ইশু (issue) প্রস্তুত জন্য আবশ্যক হইয়া থাকে। এ ভিন্ন ইস্পিট্যাল গ্যাঙ্গ্রিন ইত্যাদি পচা ক্ষতে ব্যবহার হয়।

২য় দাহক।

সোডিয়ম—Sodium.

ইহা ধাতব রূঢ় পদার্থ। ন্যাফথার বোতল মধ্যে ছিপি বন্ধ করিয়া রাখিতে হয়, নচেৎ বায়ুস্পর্শে জ্বলিয়া উঠে।

প্রঃ রূঃ। লাইকর সোডিয়াই ইথিলেটিস্ (অক্সাইড বিহীন সোডিয়ম্ ধাতু ২২ গ্রেণ, এথিলিক্ এল্কোহল ১ আং।)

ক্রিয়া। প্রবল দাহক।

সঃ। সোডিয়ম্ অতি কোমল ধাতু, বায়ুস্পর্শে জ্বলিয়া উঠে

ক্রিয়া। সোডিয়ম্ ঘটিত লবণগুলির ক্রিয়া ক্ষার গুনবিশিষ্ট।

৩য় দাহক।

কষ্টিক শোডা—Soda Caustica.

সলুউসন্ অব সোডা ২ পাইণ্ট লইয়া পরিষ্কৃত লৌহ বা রৌপ্যপাত্রে অগ্নির উত্তাপে ফুটাইয়া গাঢ় করিয়া, তাহাকে খণ্ড খণ্ড করিয়া হরি'বর্ণ বোতলে রাখিবে।

স্বঃ। কঠিন, ধূসরবর্ণ খণ্ড, জলে দ্রবণীয়।

ক্রিয়া। প্রায়ই কষ্টিক পটাশের ন্যায়, কিন্তু তদপেক্ষা মৃদু ও তদ্রূপ জলশোষক নহে।

৪র্থ দাহক।

কার্ব্বলিক এসিড—Acidum Carbolicum.

মাত্রা ১—৩ গ্রেণ।

টার্ (অলকাতরা) চুয়াইয়া ইহা প্রাপ্ত হওয়া যায়।

প্রঃ রূঃ। (১) গ্লীস্‌রীন্ অব কার্ব্বলিক এসিড। (কার্ব্বলিক এসিড ১ আং, গ্লীসরীন্ ৪ আং, একত্র মর্দ্দন করিবে।)

(২) সপোজিটরি অব্ কার্ব্বলিক এসিড এণ্ড সোপ। (কার্ব্বলিক এসিড ১২ গ্রেণ, কর্ড সোপ ১৮০ গ্রেণ, গ্লিসরীন্ অব্ ষ্টার্চ্চ আবশ্যক মত। ইহাকে ১২ অংশ করিবে।)

(৩) অয়েণ্টমেণ্ট অব্ কার্ব্বলিক এসিড (কার্ব্বলিক এসিড ৬০ গ্রেণ, কোমল প্যারাফিন্ ৭২০ গ্রেণ, কঠিন প্যারাফিন্ ৩৬০ গ্রেণ।)

(৪) লিকুইফায়েড কার্ব্বলিক এসিড—ইহাতে শতকরা ১০ অংশ জল আছে। মাত্রা ১—৪ মিনিম্। ইহা দ্বারা অয়েণ্টমেণ্ট অব কার্ব্বলিক এসিড প্রস্তুত হয়।

৫। সলফো-কার্ব্বলেট অব সোডিয়ম (ইহা কার্ব্বলিক এসিড, সল্‌ফিউরিক্ এসিড্ ও কার্ব্বনেট অব্ বেরিয়মের রাসায়নিক সংমিশ্রণে প্রস্তুত হয়। মাত্রা ১০—১৫ গ্রেণ।)

স্বঃ। স্বচ্ছ, সমচতুষ্কোণবিশিষ্ট, গন্ধহীন, অম্ল তিক্ত আস্বাদযুক্ত দানা।

ক্রিয়া। আধ্মান, অজীর্ণ ইত্যাদি রোগে, পূজজরোগে উপকার করে। পচন নিবারক।

৬। সলফো-কার্ব্বলেট অব জিঙ্ক। কার্ব্বলিক এসিড, সলফিউরিক্ এসিড ও অক্‌সাইড অব্ জিঙ্কের রাসায়নিক মিশ্রণে প্রস্তুত হয়।)

স্বঃ। স্বচ্ছ, স্তরযুক্তদানা।

ক্রিয়া। পচন নিবারক। গণোরিয়া, লুকোরিয়া প্রভৃতি রোগে, ১ আউন্স জলে ২।৩ গ্রেণ মিশ্রিত করিয়া তাহার পিচকারী দিলে উপকার হয়।

স্বঃ। বর্ণহীন, দানাযুক্ত, জলশোষক।

ক্রিয়া। পচননিবারক, দুর্গন্ধহারক, উত্তেজক, বায়ুনাশক, বমননিবারক, দাহক ও স্থানিক উগ্রতাসাধক।

ব্যবহার। বিবিধ পচা ক্ষত, পাচড়া, পুরাতন ক্ষত, কার্ব্বঙ্কল, ক্যান্সার ইত্যাদিতে সমুহ উপকার করে। ম্যালেরিয়স্ জ্বরে ও কলেরা রোগে আজ কাল ব্যবহারে অতি সুন্দর ফল পাওয়া যাইতেছে। উদরাধ্মান ও বমন নিবারণ জন্যও ব্যবহার হইয়াছে ও হইতেছে। অপর ইহার কুল্য ও মুখের দুর্গন্ধনাশক।

৫ম দাহক।

প্যরম্যাঙ্গেনেট অব পটাশ।

Potassæ Permanganet.

মাত্রা ১—৫ গ্রেণ।

কষ্টিক্ পটাশ্ ৫ আঃ, ব্ল্যাক্ অক্সাইড্ অব্ ম্যাঙ্গেনিস চূর্ণ ৪ আং, ক্লোরেট অব্ পটাশ চূর্ণ ৩॥০ আং, জলমিশ্র গন্ধকদ্রাবক আবশ্যক মত, পরিস্রুত জল ১॥০ পাইণ্ট।

প্রঃ রূঃ। সল্যুউসন অব্ পারম্যাঙ্গেনেট অব পটাশ (পারম্যাঙ্গেনেট অব্ পটাশ ৪ গ্রেণ, পরিস্রুত জল ১ আং, মাত্রা ২—৪ ড্রাম।)

স্বঃ। গাঢ় লোহিতবর্ণ, দানাবিশিষ্ট, গন্ধহীন।

ক্রিয়া। দাহক, দুর্গন্ধহারক, পচননিবারক। পরিবর্ত্তক।

৬ষ্ঠ দাহক।

উত্তাপ—Calor—Heat.

৭ম দাহক।

এসিডম ক্রোমিকম্—Chromic Acid.

ইহাকে এন্‌হাইড্রাস্ ক্রোমিক্ এসিড্ বা ক্রোমিক্ এন্‌হাইড্রান্ কহে। বাইক্রোমেট্ অব্ পটাশিয়ম্ ৩০ আং, নির্জ্জল গন্ধক দ্রাবক ৫৭ আং, পরিস্রুত জল আবশ্যকমত। ৫০ আউন্স জল ও ৪২ আউন্স গন্ধক দ্রাবক মিশ্রিত করিয়া তাহাতে বাইক্রোমেট্ অব্ পটাশিয়ম্ দ্রব করিয়া ১২ ঘণ্টা কাল রাখিয়া দিবে। তৎপরে এসিড সল্‌ফেট

অব্ পটাশিয়মের দানা হইতে দ্রবাংশ চালিয়া লইবে। ঐ দ্রবকে ১৮৫ ডিক্রী উত্তাপে উত্তপ্ত করিয়া তাহার সহিত অবশিষ্ট গন্ধকদ্রাবক সংযোগ করিয়া পুনরায় জল সহযোগে দ্রব করিয়া তাহা রাখিয়া দিলে ক্রোমিক্ এসিডের দানা অধঃস্থ হয়। তাহা ছাঁকিয়া শুষ্ক করিয়া লইলে ক্রোমিক্ এসিড প্রস্তুত হয়।

প্রঃ রূঃ। সল্যুসন্ অব্ ক্রোমিক্ এসিড্ (ক্রোমিক্ এসিড ১ আং, পরিস্রুত জল ৩ আং, মিশ্রিত করিবে। ইহাতে শতকরা ২৫ অংশ নির্জ্জল এসিড আছে।)

স্বঃ। অতি সুন্দর উজ্জ্বল লোহিত বর্ণের সূচ্যাকার দানাযুক্ত, জলশোষক ও জলে দ্রবণীয়। জলে দ্রব করিলে দ্রব গাঢ় পীতবর্ণের আভাযুক্ত রক্তবর্ণবিশিষ্ট হয়। সুরাবীর্য্যে নিক্ষেপ করিলে জ্বলিয়া উঠে।

ক্রিয়া। ইহার আভ্যন্তরিক প্রয়োগ হয় না। বাহ্যিক প্রয়োগে অতি প্রবল দাহক। এমন কি কোন জান্তব দেহে সংলগ্ন করিলে তৎক্ষণাৎ সে স্থানের ধ্বংস হয়। ইহার পচন নিবারক, দুর্গন্ধহারক ও সংক্রামক নিবারক গুণ আছে। ইহা ব্যবহারে বিশেষ সতর্কতার আবশ্যক।

ব্যবহার। নানা প্রকার দুষ্ট ও দুর্গন্ধযুক্ত ক্ষতে, পচন নিবারক ও দুর্গন্ধাপহরূপে ব্যবহৃত হয়। আঁচিল, কড়া, অর্শের বলি, ক্যান্সার প্রভৃতি ধ্বংস করিবার জন্য ইহা প্রয়োগ করা যায়। কাচদণ্ড দ্বারা অভীপ্সিত স্থানে প্রয়োগ করা কর্ত্তব্য।

৮ম দাহক।

এসিডম্ ওলেইকম্—Oleic Acid.

ওলেইন্ সাবানে পরিণত হইলে অথবা বসার উপর অধিক উত্তাপ

জলীয় বাষ্প প্রয়োগ ও কঠিন বসা হইতে পৃথক্ করিলে ইহা তরলাকারে অবিশুদ্ধ অবস্থায় পাওয়া যায়।

স্ঃ। গন্ধাস্বাদহীন, দেখিতে খড়েরমত বর্ণ, তরল। অল্প অল্প প্রতিক্রিয়া করে। অধিকক্ষণ বায়ুতে রাখিলে বর্ণ বিবর্ণ হইয়া পিঙ্গল বর্ণে পরিণত ও অম্লগুণ বিশিষ্ট হয়।

ওলিয়েট্স্ প্রস্তুত করণ মানসে ইহা ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হইয়াছে।

ক্ষার।

১ম ক্ষার।

লাইম্—(চূর্ণ)—Calx.

খটিকা ও মার্ব্বল প্রস্তর হইতে কার্ব্বনিক এসিড বিযুক্ত করিলে ইহা প্রাপ্ত হওয়া যায়।

প্রঃ রূঃ। (১) লাইকর্ ক্যাল্‌সিস্। (আর্দ্র চূর্ণ ২ আং, পরিস্রুত জল ১ গ্যালন। মাত্রা ॥০—৪ আং)

(ক) লিনিমেণ্টম্ ক্যাল্‌সিস্। (লাইকর্ ক্যাল্‌সিস্ ও অলিভ অইল প্রত্যেক ২ আং।)

(২) লাইকর্ ক্যাল্‌সিস্ স্যাকারেটস্। (আর্দ্র চুণ ১ আং, চিনি ২ আং, পরিস্রুত জল ১ পাং। মাত্রা ১৫—৬০ মিনিম্।)

স্ঃ। শ্বেতবর্ণ, লঘু, গন্ধহীন, ক্ষারাস্বাদযুক্ত, জলশোষক।

ক্রিয়া। বিশুদ্ধ চুণ দাহক। জলীয় দ্রব অম্লনাশক, ধারক, সংকোচক ও পরিবর্ত্তক।

ব্যবহার। ডিস্‌পেপ্‌সিয়া (অম্ল) রোগে বুকজ্বালা ও বমন নিবারণার্থ চুণের জল দুগ্ধ সহ মহোপকারক।

নাইট্রিক্, হাইড্রোক্লোরিক্ ও অকজ্যালিক্ এসিড দ্বারা বিষাক্ত হইলে ইহা বিষঘ্নরূপে ব্যবহার হয়।

২য় ক্ষার।

কার্ব্বনেট্‌ অব্‌ লাইম্‌—Calcis Carbonas.

প্রঃ রূঃ। (১) মিশ্চুরা ক্রিটা। শোধিত খটিকা ।৴ আং, গম একেসিয়া চূর্ণ ।০ আং, শর্করা পাক ॥০ আং দারুচিনির জল ৭॥০ আং। মাত্রা ১—২ আং।)

(২) পল্‌ভিস্‌ ক্রিটা এরোম্যাটিকস্‌। (দারুচিনি চূর্ণ ৪ আং, জায়ফল ও স্যাফ্রন্‌ চূর্ণ প্রত্যেক ৩ আং, লবঙ্গ চূর্ণ ১॥০ আং, ছোট এলাচ চূর্ণ ১ আং, পরিষ্কৃত চিনি ২৫ আং, বিশুদ্ধ খটিকা ১১ আং। মাত্রা ১০—৬০ গ্রেণ্‌।

ক্রিয়া। অম্লনাশক, শুষ্ককারক, ধারক।

ব্যবহার। অম্লজনিত উদরাময় রোগে বিশেষ উপকারী।

৩য় ক্ষার।

কার্ব্বনেট্‌ অব সোডা—Sodæ carbonas.

মাত্রা ৫—৩০ গ্রেণ্‌।

সামুদ্রিক উদ্ভিজ্জ ভস্ম হইতে বা ক্লোরাইড অব সোডিয়মের রাসায়নিক বিশ্লেষণ দ্বারা পাওয়া যায়।

স্বঃ। স্বচ্ছ, বর্ণহীন, চেপ্‌টা, প্রদেশবিশিষ্ট, দানাযুক্ত।

ক্রিয়া। অম্লনাশক, মূত্রকারক, কফনিঃসারক, পরিবর্ত্তক।

ব্যবহার। অজীর্ণ রোগে, বুক জ্বালায়, প্রস্রাবে ইউরিক্‌ এসিড্‌ জন্মিলে তাহা নিবারণ জন্য, বাত ও গাউট রোগ ইত্যাদিতে ব্যবহার হয়।

প্রঃ রূঃ। (১) লাইকর সোডি কার্ব্বনাস। (কার্ব্বনেট্‌ অব্‌ সোডা ২৮ আং, আর্দ্র চূর্ণ ১২ আং, পরিস্কৃত জল ১ গ্যালন।) মাত্রা ১০—৬০ মিনিম্‌।)

(২) সোডি কার্ব্বনাস্‌ এক্‌সিকেটা। কার্ব্বনেট্‌ অব্‌ সোডাকে অগ্নিসন্তাপে শুষ্ক করিলে ইহা প্রস্তুত হয়। মাত্রা ৩—১০ গ্রেণ্‌।)

সোডিবাইকার্ব্বনাস। (কার্ব্বনেট্‌ অব্‌ সোডা ২ পাউণ্ড, ড্রায়েড্‌ কার্ব্বনেট্‌ অব্‌ সোডা ৬ পাউণ্ড, শ্বেত মার্ব্বল চূর্ণ ৪ পাউণ্ড, হাইড্রোক্লোরিক্‌ এসিড্‌ ১ গ্যালন, জল ১ গ্যালন, পরিস্কৃত জল আবশ্যক মত। মাত্রা ১০—৬০ গ্রেণ্‌।)

স্বঃ। শ্বেতবর্ণ চূর্ণ, গন্ধহীন, লাবণিক আস্বাদযুক্ত।

ক্রিয়া। অম্লনাশক, মূত্রকারক ও পরিবর্ত্তক।

ব্যবহার। পাকাশয়ের অম্লাধিক্য, প্রস্রাবে অম্লাধিক্যজনিত বাত, রক্তের অম্লত্ব নিবারণ জন্য, বিসূচিকা ইত্যাদি রোগে ব্যবহার হয়।

প্রঃ রূঃ। (ক) লাইকর সোডি এফার্ভেসেন্স। (কার্ব্বনেট অব সোডা ৩০ গ্রেণ, জল ১ পাইন্ট।)

(খ) সোডি সাইট্রো টারট্রাস্‌ এফার্ভেসেন্স। (বাই কার্ব্বনেট অব সোডা চূর্ণ ১৭ আং, টার্টারিক্‌ এসিড ৯ আং, সাইট্রিক এসিড ৬ আং, বিশুদ্ধ শর্করা ৫ আং।) মাত্রা ১—২ ড্রাম্‌।

(গ) ট্রচিসাই সোডি বাইকার্বন্যাটিস্‌। (বাই কার্বনেট অব সোডা ৩৬০০ গ্রেণ, পরিষ্কৃত চিনি ২৫ আং, গম্‌ একেসিয়া চূর্ণ ১ আং,

• মিউসিলেজ অব গম্ একেসিয়া ২ আং, পরিস্রুত জল ১ আং, মাত্রা ১—৬টী।)

৪র্থ ক্ষার।

কার্ব্বনেট অব লিথিয়া—Lithiœ Carbonas.

মাত্রা ৩—৬ গ্রেণ।

স্বঃ। শ্বেতবর্ণ চুর্ণ, ক্ষারগুণবিশিষ্ট, লাবণিক আস্বাদ।

ক্রিয়া। অম্লনাশক, মূত্রকারক, অশ্মরীদ্রাবক।

ব্যবহার। ইউরিক্ এসিডযুক্ত অশ্মরীতে বিশেষ উপকারী।

প্রং রূঃ। (১) লাইকর্ লিথি এফার্ভেসেন্স। (কার্ব্বনেট অব লিথিয়া ১০ গ্রেণ, জল ১ পাইণ্ট। মাত্রা ৫—১০ আং।)

(২) লিথি সাইট্রাস। কার্ব্বনেট অব লিথিয়া ৫০ গ্রেণ, সাইট্রিক এসিড ৯০ গ্রেণ, উষ্ণ পরিস্রুত জল ১ আং। মাত্রা ৫—১০ গ্রেণ।)

স্বঃ। শ্বেতবর্ণ চুর্ণ, জলশোষক, জলে দ্রবণীয়।

ক্রিয়া। অম্লনাশক, মূত্রকারক, অশ্মরীদ্রাবক।

৫ম ক্ষার।

কার্ব্বনেট অব পটাশ—Potassæ Carbonas.

মাত্রা ১০—৩০ গ্রেণ।

উদ্ভিজ্জ ভস্ম সম অংশ জল যোগে দ্রব করিয়া শুষ্ক করিলে ইহা প্রস্তুত হয়।

স্বঃ। শ্বেতবর্ণ, ক্ষুদ্র ক্ষুদ্র দানাযুক্ত চূর্ণ, গন্ধহীন, ক্ষার আস্বাদ।

ক্রিয়া। অম্লনাশক, মূত্রকারক, কফনিঃসারক, পরিবর্ত্তক।

ব্যবহার। অজীর্ণ, অম্ল, বুকজ্বালা, উপদংশ, স্ক্রফিউলা, হার্পিজ, একজিমা, ইম্পিটাইগো ইত্যাদিতে উপকারী।

প্রঃ রূঃ। (১) লাইকর পটাশি। (কার্ব্বনেট অব পটাশ ১ পাউণ্ড, চূর্ণ ১২ আং, পরিস্রুত জল ১ গ্যালন। মাত্রা ১৫—৬০ মিনিম্।)

স্বঃ। বর্ণহীন, তরল, স্বচ্ছ, গন্ধহীন্, ক্ষারাস্বাদ। ব্যবহার পূর্ব্বোক্তের ন্যায়।

(১) বাইকার্ব্বোনেট অব পটাশ।

Potassæ Bicarponate.

কার্ব্বনেট অব পটাশ ১ পাউণ্ড, পরিস্রুত জল ২ পাইণ্ট, হাই-ড্রোক্লোরিক্ এসিড ১॥০ পাইণ্ট, জল ৩ পাইণ্ট, শ্বেত মার্ব্বল চূর্ণ ২ পাউণ্ড। মাত্রা ১০—৪০ গ্রেণ।

স্বঃ। বর্ণহীন, গন্ধহীন, স্বচ্ছ, ক্ষার আস্বাদ।

ক্রিয়া। অম্লনাশক, মূত্রকারক, পরিবর্ত্তক।

(ক) লাইকর পটাশি এফার্ভেসেন্স। (বাইকার্ব্বনেট অব পটাশ ৩০ গ্রেণ, জল ১ পাইণ্ট।)

৬ষ্ঠ ক্ষার।

সোপ—(সাবান্)—Sapo.

(১) সেপো ডিউরস্—হার্ড সোপ্। ওলিভ্ অএল্ ও সোডা সহযোগে প্রস্তুত হয়। (আবরক শ্রেণীতে দেখ)

(২) সেপো মলিস্—সফ্‌ট সোপ্। ওলিভ্ অইল্ ও পটাশ্ সহযোগে প্রস্তুত হয়। (আবরক শ্রেণীতে দেখ)

(৩) কর্ড্ সোপ্—(Sapo Animalis) সোডা ও বসা মিশ্রিত করিলে প্রস্তুত হয়।

প্রঃ রূঃ। (ক) এম্‌প্ল্যাষ্টর্ অব্ সোপ্ (কঠিন সাবান ৬ আং, সীস পলস্তা ২॥০ পাউণ্ড, ধূনা ১ আং।)

(খ) সোপ্ সিরেট্ প্ল্যাষ্টার্ (কঠিন সাবান ১০ আং, পীত মোম ১২॥০ আং জলপাই তৈল ১ পাইণ্ট, অক্‌সাইড অব্ লেড্ ১৫ আং, ভিনিগার ১ গ্যালন।)

(গ) লিনিমেণ্ট অব্ সোপ। (কঠিন সাবান ২ আং, কর্পূর ১ আং, রোজ্‌মেরি অইল্ ৩ ড্রাম্, শোধিত সুরা ১৬ আং, পরিস্রুত জল ৪ আং।)

ক্রিয়া। অম্লনাশক, স্নিগ্ধকারক। পিল্ প্রস্তুত জন্য ব্যবহার হয়।

৭ম ক্ষার।

(১) কার্ব্বোলিগ্‌নাই—উড্ চার্‌কোল্।

(২) কার্ব্বো এলিম্যালিস্—এনিমেল্ চার্‌কোল্।

এই দুই প্রকার অঙ্গার ফার্‌মাকোপিয়ায় গৃহীত হইয়াছে।

(১) প্রথম প্রকার কাষ্ঠকে আবৃত স্থানে দগ্ধ করিলে প্রস্তুত হয়।

(২) দ্বিতীয় প্রকার জান্তবাঙ্গারকে হাইড্রোক্লোরিক্ এসিড দ্বারা বিশুদ্ধ করিলে ইহা প্রস্তুত হয়।

প্রঃ রূঃ। চার্‌কোল পুলটিস্। (কাষ্ঠাঙ্গার ॥০ আং, পাউরুটি ২ আং, মসিনা তৈল ১॥০ আং, জল ১০ আং।)

ক্রিয়া। পচননিবারক, দুর্গন্ধহারক, অম্লনাশক, বায়ুনাশক।

ব্যবহার। অম্ল, বুকজ্বালা, অতিসার, পচা ক্ষত ইত্যাদিতে উপকারী। এতদ্ব্যতীত কোন স্থানে রাখিলে তাহার দুর্গন্ধ শোষণ করিয়া থাকে।

আবরক।

১ম আবরক।

কলোডিয়ন্—Collodiun.

গন্‌কটন্ ১ আং, ইথর্ ৩৬ আং, শোধিত সুরা ১২ আং।

প্রঃ রূঃ। ফ্লেক্সিব্‌ল্ কলোডিয়ন্। (কলোডিয়ন্ ৬ আং, ক্যানাডা বালসাম্ ১২০ গ্রেণ, ক্যাষ্টর অইল্ ১ ড্রাম্।)

স্বঃ। বর্ণহীন, স্বচ্ছ, উৎপতিষ্ণু, তরল পদার্থ।

ক্রিয়া। আবরক, সংকোচক।

ব্যবহার। ইরিসিপেলাস রোগে মহাপকারক। দগ্ধ স্থানে, ক্ষতে ইত্যাদিতে বিলক্ষণ উপকারী।

২য় আবরক।

প্রিপেয়ার্ড স্যুয়েট—(মেষবসা)

Sevum Preparatum.

৩য় আবরক।

স্পর্মাসিটাই (তিমির বসা)—Cetaceum.

তিমি মৎসের মস্তকের বসা।

(ক) আইন্টমেন্ট অব্ স্পর্মাসিটাই। (তিমির বসা ৫ আং, শ্বেত মোম ২ আং, বাদাম তৈল ১ পাইন্ট, বেন্‌জোইন্ চূর্ণ ।।০ আং।)

৪র্থ আবরক।

ইয়েলো ওয়াক্স—(পীত মোম)—Cera Flava.

মধুচক্র হইতে পাওয়া যায়।

(ক) সিম্প্ল অইন্টমেন্ট। (শ্বেতমোম ১২ আং, বেন্‌জোয়েটেড্ লার্ড ৩ আং, বাদাম তৈল ৩ আং।)

৫ম আবরক।

কটন্ (তুলা)—Gossypium.

(বর্ণনা অপ্রয়োজন।)

৬ষ্ঠ আবরক।

গন কটন—Pyroxlin.

তুলা ১ আং, গন্ধক ও যবক্ষার দ্রাবক প্রত্যেক ৫ আং।

৭ম আবরক।

গটাপার্চ্চা—Guttaparcha.

আইসোস্থাণ্ড্রা গটা বৃক্ষের গাঢ়কৃত রস।

প্রঃ রূঃ। লাইকর্ গটাপার্চ্চা (গটাপার্চ্চা ১ আং, ক্লোরফরম্ ৮ আং, সফেদা চূর্ণ ১ আং।)

স্বঃ। কঠিন, নমনীয়, ধূসর বর্ণ।

ক্রিয়া। আবরক।

৮ম আবরক।

এডেপ স প্রিপারেট্ স—Adeps Preparatus—শূকরের বসা।

শূকরের উদরের বসা। জলস্বেদ যন্ত্রের উত্তাপে দ্রব করিয়া ছাকিয়া লইবে।

প্রঃ রূঃ। বেন্‌জোয়েটেড লার্ড।

(শূকরের বসা ১ পৌণ্ড, লোবান্ ১৬০ গ্রেণ্।)

ক্রিয়া।—আবরক ও স্নিগ্ধকারক। হাম, বসন্ত, ইরিসিপেলাস্, টাইফস্ জ্বর প্রভৃতিতে স্থানিক মর্দ্দনে স্নিগ্ধকারক ও আবরক হইয়া উপকার করে।

N. B. উল্লিখিত ঔষধগুলির অন্য বিবরণ অনাবশ্যক।

৯ম আবরক।

প্যারাফিনম্ ডিউরাম্—Paraffinum Durum.

প্যারাফিন্ জাতীয় বিবিধ কঠিন দ্রব্যের মিশ্র; শিলাবিশেষ হইতে

চুয়াইয়া শীতল হইলে তৈল পৃথক করিয়া যে কঠিন পদার্থ অবশিষ্ট থাকে, তাহা শোধিত করিলে ইহা প্রস্তুত হয়।

স্বঃ। স্বাচ্ছ, বর্ণহীন, দানাযুক্ত, কোন গন্ধ বা আস্বাদন হীন; স্পর্শে তৈলাক্ত বোধ হয়।

১০ম আবরক।

প্যারাফিনম্ মোলি—কোমল প্যারাফিন—Paraffinum Molle

ইহাকে পিট্রোলিয়ম্ কহে।

স্বঃ। দেখিতে ঈষৎ পীতাভ বা শ্বেতবর্ণ, স্বচ্ছ উজ্জ্বল, তৈলাক্ত ও কোমল।

ক্রিয়া। প্যারিফিন্ ব্যবহারে প্রযুক্ত স্থান কোমল ও শিথিল থাকে। বিবিধ মলম প্রস্তুত জন্য আবশ্যক হয়।

লালনিঃসারক।

পেলিটরি রুট্—Pyrethri Radix.

এনাসিক্লস্ পাইরিথ্রম্ বৃক্ষের মূল।

প্রঃ রূঃ। টীংচর্ অব্ পেলিটরি রুট্। (পেলিটরি মূল ৪ আং, শোধিত সুরা ১ পাইণ্ট।)

স্বঃ। কুঞ্চিত, অঙ্গুলি সদৃশ দীর্ঘ, কঠিন, ভঙ্গুর, গন্ধহীন।

ক্রিয়া। লালনিঃসারক, স্থানিক উগ্রতা সাধক।

ব্যবহার। চর্ম্মোপরি ব্যবহারে ফোস্কা হয়। প্রায় আভ্যন্তরিক ব্যবহার হয়না। দন্তবেদনায়, তালু শিথিলতায় উপকারী।

N. B. মেজেরিয়ন্, জিঞ্জারস, তামাক ইত্যাদি লালনিঃসারক।

পিত্তনিঃসারক।

১ম পিত্তনিঃসারক।

ড্যাণ্ডিলিয়ন্ রুট্—Taraxaci Radix.

ট্যারাক্সেকম্ ডেন্স্লিওনিস্ বৃক্ষের মূল।

প্রঃ রূঃ। (১) ডিককটম্ ট্যারাক্সেসাই। (ট্যারাক্সেকম্ মূল ১ আং, ১ পাইণ্ট জল। মাত্রা ১—৪ আং।)

(১) এক্‌ষ্ট্রাক্‌টম্ ট্যারাকসেসাই। মাত্রা ১০—৩০ গ্রেণ্।

(৩) সক্কস্ ট্যারাক্সেসাই। (সরস মুলের রস ৩ অংশ, শোধিত সুরা ১ অংশ। মাত্রা ১—২ ড্রাম্।)

ক্রিয়া। পিত্তনিঃসারক, মূত্রকারক, পরিবর্ত্তক, আগ্নেয়, বলকারক, স্বেদজনক; অল্প বিরেচক।

ব্যবহার। বিবিধ যকৃৎ রোগে অশেষ উপকারী।

২য় পিত্তনিঃসারক।

ইউনিমাই কর্টেক্স—Euonymus Bark.

মাত্রা ॥০—৫ গ্রেণ্।

সিলাষ্ট্রেসি জাতীয় ইউনিমস্ এট্রোপার্পিউরিয়ান্ বৃক্ষের শুষ্ক মূলের বল্কল।

প্রঃ রূঃ। (১) ড্রাই একষ্ট্র্যাক্ট্ অব্ ইউনিমস্। ইহাকে ইউনিমিন্ কহে। (ইউনিমস্ বল্কল চূর্ণ ১ পাউণ্ড, শোধিতসুরা, পরিস্রুত জল, ক্ষীর শর্করা প্রত্যেক প্রয়োজনানুরূপ। মাত্রা ১০—৪ গ্রেণ্।)

(২) টীংচার্ অব্ ইউনিমস্। (বল্কল চূর্ণ ৪ আং, শোধিত সুরা পাইণ্ট মাত্রা ১০—৪০ মিনিম্।)

স্বঃ। গোটান নলাকার খণ্ড।

ক্রিয়া। পিত্তনিঃসারক, বিরেচক, মূত্রকারক, কফনিঃসারক। বলকারক।

ব্যবহার। যকৃতের ক্রিয়াবিকৃতি বশতঃ পিত্তনিঃসরণ হ্রাস হইলে ইহা দ্বারা বিলক্ষণ উপকার হয়।

৩য় পিত্ত নিঃসারক।

পিত্তরিফায়েড্—অক্স বাইল্ Fel Bovinum. Purificatum.

বৃষপিত্ত ১ পাইণ্ট, শোধিত সুরা ২ পাইণ্ট। মাত্রা ৫—২০ গ্রেণ্।

স্বঃ। পীতযুক্ত সবুজ বর্ণের দ্রব্য, ঈষৎ মিষ্ট ও তিক্তাস্বাদযুক্ত।

ক্রিয়া। পিত্তনিঃসারক, বলকারক, মৃদু বিরেচক, মূত্রকারক, কৃমিনাশক।

ব্যবহার। যকৃতের পীড়াজনিত পাণ্ডুরোগে, কোষ্ঠবদ্ধ রোগে, মধুমেহ রোগে, বাত রোগে উপকারী।

N. B. ক্ষার, নাইট্রোমিউরিয়াটিক্ এসিড্ ইত্যাদি পিত্তনিঃসারক।

গন্ধ-দ্রব্য।

N. B. এই শ্রেণীস্থ ঔষধ প্রায় সকল গুলিরই ক্রিয়া আগ্নেয়, উত্তেজক, বায়ুনাশক। পাঠের সুবিধার্থে সে গুলি আর পৃথক্ রূপে লিখিত হইবে না। যে গুলির ক্রিয়া ইহা ব্যতীত আরও আছে, কেবল সেই গুলিই পৃথক্ রূপে লিখিত হইয়াছে।

১ম গন্ধদ্রব্য।

কার্ডেমম্—(ছোট এলাচ)—Cardamomums.

ম্যালাবার্ কার্ডেমম্ ও ইলেটিরিয়া কার্ডেমম্ বৃক্ষের শুষ্ক ফল।

প্রঃ রূঃ। কম্পাউণ্ড টীংচর্ অব্ কার্ডেমম্। (ছোট এলাচি ও ও বিলাতি জিরা প্রত্যেক ।০ আং, বীজরহিত কিস্মিস্ ২ আং, দারুচিনি ।।০ আং, ক্রিমিদানা (কোচিনিয়াল্) ৫৫ গ্রেণ্, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ।।০—২ ড্রাম।)

২য় গন্ধদ্রব্য।

ক্লোভ্স্ (লবঙ্গ)—Caryophyllum.

চূর্ণের মাত্রা ৫—২০ গ্রেণ্।

ক্যারিওফাইলম্ এরোম্যাটিকস্ বৃক্ষের শুষ্ক পুষ্প-কলিকা।

প্রঃ রূঃ। (১) ইন্‌ফিউসম্ অব্ ক্লোভ্স্। (লবঙ্গ ।০ আং, উষ্ণ জল ১০ আং। মাত্রা ১—৪ আং।)

(২) অইল অব্ ক্লোভ্স্। (লবঙ্গ হইতে চুয়াইয়া প্রস্তুত হয়। মাত্রা ১—৪ মিনিম্।)

ব্যবহার। অজীর্ণ ও উদরাধ্মানে বিশেষ উপযোগী। গর্ভাবস্থায় বমন নিবারক। দন্তশূলে ইহার তৈল প্রয়োগ বিশেষ উপকারী।

৩য় গন্ধদ্রব্য।

সিনেমন্ বার্ক (দারুচিনি)—Cinnamon Cortex.

চূর্ণের মাত্রা, ৫—২০ গ্রেণ্।

সিনামোমম্ জিলানিকম্ বৃক্ষের বল্কলাভ্যন্তরাংশ।

ক্রিয়া। অল্প সংকোচক।

প্রঃ রূঃ। (১) সিনামন্ ওয়াটর্। (দারুচিনি ২০ আং, জল ২ গ্যালন। ১ গ্যালন চুয়াইবে। মাত্রা ১—২ আং।)

(২) সিনামন্ অইল্। (দারুচিনি চুয়াইয়া প্রস্তুত হয়। মাত্রা ১—৪ মিনিম্।)

(৩) কম্পাউণ্ড সিনামন্ পাউডার্। (দারুচিনি ১ আং, ছোট এলাচ ১ আং, শুণ্ঠি ৬ আং। মাত্রা ৩—১০ গ্রেণ্।)

(৪) টীংচর্ অব্ সিনামন্। (দারুচিনি ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ॥০—২ ড্রাম।)

ব্যবহার। উদরাধ্মান, ডায়েরিয়া, ডিসেণ্ট্রিতে ব্যবহার হয়। ইহার তৈল মাথাধরা রোগে ও দন্তক্ষতে সমূহ উপকারী। জরায়ু-পেশীর ক্ষীণতা নিবন্ধন প্রসবে বিলম্ব হইলে ইহার অরিষ্ট প্রয়োগ করিতে ডাক্তার ট্যানার্ অনুমতি দেন।

৪র্থ গন্ধদ্রব্য।

কিউবেব্‌স্ (কাবাব চিনি)—Cubeba.

চূর্ণের মাত্রা ২০—১২০ গ্রেণ্।

কিউবেবা অফিসিন্যালিস্ বৃক্ষের অপক্ব শুষ্ক ফল।

প্রঃ রূঃ। (১) অইল্ অব্ কিউবেব্‌স। (কিউবেব্ চুয়াইয়া প্রস্তুত হয়। মাত্রা ৫—১৫ মিনিম্।

(২) টীংচর অব্ কিউবেব্‌স্ (কাবাবচিনি কুট্টিত ২॥০ আং শোধিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ॥০—ড্রাম।)

(৩) ওলিও রেজিনা কিউবেবি (কাবাবচিনি চূর্ণ ২ পাং, ৪ পাইণ্ট ইথরসহ পার্কোলেটর্ মধ্যে পুরিয়া যথাবিধ প্রক্রিয়ায় প্রস্তুত করিবে। ৫—৩০ মিনিম্।)

ক্রিয়া। শ্লৈষ্মিক ঝিল্লির উত্তেজক, বিশেষতঃ মূত্রযন্ত্রের।

ব্যবহার। গনোরিয়া, গ্লিট্ ইত্যাদিতে ব্যবহার হয়।

৫ম গন্ধদ্রব্য।

ক্যারাওয়ে ফ্রুট (বিলাতি জিরা)—Carui Fructus.

চূর্ণের মাত্রা, ১০—৬০ গ্রেণ্।

ক্যারম্ কারুই ওষধির শুষ্ক ফল।

প্রঃ রূঃ। (১) একোয়া ক্যারুই। ক্যারাওয়ে ওয়াটর্। (বিলাতি জিরা ১ পাউণ্ড, জল ২ গ্যালন চুয়াইবে। মাত্রা ১—২ আং)

(২) ক্যারাওয়ে অইল্। (চুয়াইয়া প্রস্তুত হয়। মাত্রা ১—৪ মিনিম্।)

৬ষ্ঠ গন্ধদ্রব্য।

কোরিয়াণ্ডার ফ্রুট (ধনিয়া)—Coriandri Fructus.

চূর্ণের মাত্রা, ৩০—৬০ গ্রেণ্।

কোরিয়াণ্ড্রম্ স্যাটিভম্ ওষধির পক্ব শুষ্ক ফল।

প্রঃ রূঃ। অইল্ অব্ কোরিয়াণ্ডার। চুয়াইয়া প্রস্তুত হয়। মাত্রা ১—৪ মিনিম্।

৭ম গন্ধদ্রব্য।

কোচি নিল (কৃমিদানা)—Coccus.

কক্কস্ ক্যাকৃটি নামক স্ত্রী পতঙ্গ।

প্রঃ রূঃ। টীংচর্ অব্ কোচিনিল্। (কৃমিদানা ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ২০ মিনিম্—॥০ ড্রাম্।)

৮ম গন্ধদ্রব্য।

এনিসি ফ্রুক্টস্—এনিসিড্ (মৌরি)—Anis. Fructus.

চূর্ণের মাত্রা, ১০—৬০ গ্রেণ্।

পিম্পিনেলা এনিসম্ ওষধির শুষ্ক ফল।

প্রঃ রূঃ। (১) এসেন্স অব্ এনিস্। (অইল অব্ এনিস্ ১আং, শোধিত সুরা ৪ আং। মাত্রা ১০—২০ মিনিম্।)

(২) অইল অব্ এনিস্। চুয়াইয়া প্রস্তুত হয়। মাত্রা ১—৪ মিনিম্।

(৩) একোয়া এনিসাই। (মৌরি কুট্টিত ১ পৌং, জল ২ গ্যাং। ১ গ্যালন্ চুয়াইবে। মাত্রা ১—২ আং।)

৯ম গন্ধদ্রব্য।

মাইরিষ্টিকা—নট্মেগ্ (জায়ফল)—Myristica.

মাত্রা, ৫—২০ গ্রেণ্।

মিরিষ্টিকা অফিসিন্যালিস্ বৃক্ষের বীজাভ্যন্তরস্থ শস্য।

প্রঃ রূঃ। (১) অইল্ অব্ নট্মেগ্। মাত্রা ১—৪ মিনিম্।

(২) এক্স্প্রেস্ড্ অইল্ অব্ নট্মেগ্।

(৩) স্পিরিট্ অব্ নটমেগ্। (জায়ফল তৈল ১ আং, শোধিত সুরা ৪৯ আং। মাত্রা ৩০—৬০ মিনিম্।)

ক্রিয়া। আক্ষেপ নিবারক, অধিক মাত্রায় মাদক।

ব্যবহার। অতিসার, উদরাধ্মান, বাত, ইত্যাদিতে উপকারী। দন্ত ক্ষতে ইহার তৈল তুলার সহিত প্রয়োগে অত্যন্ত উপকার হয়।

১০ম গন্ধদ্রব্য।

ব্ল্যাক্ পেপার (গোলমরিচ)—Piper Nigrum.

চূর্ণের মাত্রা, ৫—২০ গ্রেণ্।

ব াকপেপার বৃক্ষের অপক্ক শুষ্ক ফল।

প্রঃ রূঃ। কন্‌ফেসন্ অব্ ব্ল্যাক পেপার। (গোলমরিচ ২ আং, খিলাতি জিরা ৩ আং, মধু ১৫ আং। মাত্রা ৬০—১২০ গ্রেণ।)

ব্যবহার। অর্শরোগে, পর্য্যায় জ্বরে ও তালু শিথিলতায় উপকারী।

১১শ গন্ধদ্রব্য।

লেমন্ পিল্। (জম্বীর ত্বক্)—Lemonis Cortex.

পাইট্রস্ লিমোনম্ বৃক্ষের ফলের ত্বক্।

প্রঃ রূঃ। (১) অইল্ অব্ লেমন্। চূয়াইয়া প্রস্তুত হয়। মাত্রা ১—৪ মিনিম্।

(২) টীংচর্ অব্ লেমন্। (সরস জম্বীর ত্বক্ ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ॥০—২ ড্রাম।)

১২শ—গন্ধদ্রব্য।

অরেঞ্জপিল্। (কমলালেবুর ত্বক্)—Aurantii Cortex

অরেন্সাই ফ্রুক্‌ট্রস্ (তিক্ত কমলালেবু) Aurantii Fructus.

প্রঃ রূঃ। (১) ইন্‌ফিউসম্ অব্ অরেঞ্জ। (তিক্ত কমলা লেবু ত্বক্ ॥০ আং, জল ১০ আং,। মাত্রা ১—২ আং।)

(২) কম্পাউণ্ড ইন্‌ফিউসন্ অব্ অরেঞ্জ। (তিক্ত কমলালেবুর ত্বক্ ।০ আং, সরস জম্বীর ত্বক্ ৫৬ গ্রেণ্, লবঙ্গকুট্টিত ২৮ গ্রেণ্, স্ফুটিত জল ১০ আং। মাত্রা ১—২ আং।)

(৩) সিরপ্ অব্ অরেঞ্জ। (টীংচর্ অব্ অরেঞ্জ ১ আং, শর্করা পাক ৭ আং। মাত্রা ১—২ ড্রাম।)

(৪) টীংচর্ অব অরেঞ্জ। (তিক্ত কমলা লেবুর ত্বক্ ২ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ১—২ ড্রাম।)

কমলার পুষ্প হইতে প্রস্তুত :—

(৫) অরেঞ্জ ওয়াটর্। মাত্রা ২ আং।

(৬) সিরপ্ অব্ অরেঞ্জ ফ্লাউয়ার। (কমলা পুষ্প ৮ আং, শর্করা ৩ পাউণ্ড, জল ১৬ আং, পরে ৪৷৷০ পাউণ্ড পূর্ণ করিবে। মাত্রা ১ আং।)

তিক্ত কমলা লেবু হইতে প্রস্তুতঃ—

(৭) টীংচ্যুরা অর্যান্সিয়ই বিসেণ্টিস্ (তিক্ত কমলা ও শোধিত সুরা সমান অংশ লইয়া যথার্থ প্রক্রিয়ায় প্রস্তুত করিবে। মাত্রা ১—২ ড্রাম।)

ব্যবহার। জ্বররোগে পিপাসা নিবারণার্থ ও স্কর্ভি রোগে উপকারী।

১৩শ গন্ধদ্রব্য।

মেটিকো লিভ্‌স্—Maticæ folia.

অর্টাস্থি ইলংগেটা বৃক্ষের শুষ্ক পত্র।

প্রঃ রূঃ। ইন্‌ফিউসন্ অব্ মেটিকো। (মেটিকো পত্র ৷৷০ আং, স্ফুটিত জল ১০ আং। মাত্রা ১—৪ আং।)

ক্রিয়া। বাহ্য ব্যবহারে রক্ত রোধক। জলৌকা দংশন স্থলের

রক্ত রোধ করে। এতিন্ন, প্রমেহ ও প্রদর রোগে পিচকারী রূপে ব্যবহার হয়।

১৪শ গন্ধদ্রব্য।

পাইমেণ্টো—Pimenta.

চূর্ণের মাত্রা, ১০—৩০ গ্রেণ্।

ইউজিনিয়া পাইমেণ্টা বৃক্ষের অপক্ব ফল।

প্রঃ রূঃ। (১) পাইমেণ্টা ওয়াটর্। (পাইমেণ্টো ১৪ আং, জল ২ গ্যালন। ১ গ্যালন চুয়াইবে। মাত্রা ১—২ আং।)

(২) অইল্ অব্ পাইমেণ্টো। মাত্রা ১—৪ মিনিম্।

স্বঃ। দেশী মটরের স্থায় আকার, পাটল বর্ণ।

১৫শ গন্ধদ্রব্য।

ফেনেল ফ্রুট—Fœniculi Fructus.

ফিনিফিউলি ভল্‌সি বৃক্ষের ফল।

প্রঃ রূঃ। ফেনেল্ ওয়াটর্। (ফেনেল ফল কুট্টিত ১ পাউণ্ড, জল ২ গ্যালন চুয়াইবে। মাত্রা ১—২ আং।)

১৬শ গন্ধদ্রব্য।

পিপারমেণ্ট—Mentha Piperita.

মেন্থা পিপারিটা বৃক্ষ।

প্রঃ রূঃ। (১) পিপারমেণ্ট ওয়াটর। (পিপার মেণ্ট তৈল, ১॥০ ড্রাম, জল ১॥০ গ্যালন। ১ গ্যালন চুয়াইবে। মাত্রা ১—২ আং।)

(২) এসেন্স অব্ পিপার্মেণ্ট। (পিপারমেণ্ট অইল ১ আং, শোধিত সুরা ৪ আং। মাত্রা ১০—২০ মিনিম্।)

(৩) অইল্ অব্ পিপারমেণ্ট। সরস পুষ্প চুয়াইয়া প্রস্তত হয়। মাত্রা ২—৪ মিনিম্।

(৪) স্পিরিট্ অব্ পিপার্মেণ্ট। (পিপার্মেণ্ট অইল্ ১ আং, শোধিত সুরা ৪৯ আং। মাত্রা ॥০—১ ড্রাম।)

ক্রিয়া। ইহার আক্ষেপ নিবারক গুণও আছে।

১৭শ গন্ধদ্রব্য।

মেন্থাভিরিডিস—স্পিয়ারমিণ্ট (পুদিনা)—Mentha Viridis.

মেন্থা ভিরিডিস্ বৃক্ষ।

প্রঃ রূঃ। (১) স্পিয়ার্মিণ্ট ওয়াটর্। (স্পিয়ারমেণ্ট অইল্ ১॥০ ড্রাম, জল ১॥০ গ্যালন। ১ গ্যালন চুয়াইবে। মাত্রা ১—২আং)।

(২) স্পিয়ার্মেণ্ট অইল্। মাত্রা ২—৫ মিনিম্।

১৮শ গন্ধদ্রব্য।

জিঞ্জিবর—জিঞ্জার—(শুণ্ঠি)—Zingiber

চূর্ণের মাত্রা, ১০—২০ গ্রেণ্।

জিঞ্জিবার অফিসিন্যালিস্ ওষধির শুষ্ক কন্দ।

প্রঃ রূঃ। (১) সিরপ্ অব্ জিঞ্জার। (শুণ্ঠির উগ্র অরিষ্ট ৬ ড্রাম, শর্করা পাক ১৯ আং। মাত্রা ॥০—১ ড্রাম।)

(২) টীংচর্ অব্ জিঞ্জার। (শুণ্ঠি ২॥০ আং, শোধিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ১৫ মিনিম্—১ ড্রাম।)

(৩) ষ্টিংচর অব্ জিঞ্জার। (শুণ্ঠি ১০ আং, শোধিত সুরা আবশ্যক মত। ১ পাইন্ট করিবে। মাত্রা ৫—২০ মিনিম্।)

১৯শ গন্ধদ্রব্য।

এনিথি ফ্রুক্টস্—ডিলফট্—Anethi Fructus.

চূর্ণের মাত্রা—১০—৬০ গ্রেণ্।

এনিথম্ গ্রাভিউলেন্স বৃক্ষের ফল।

প্রঃ রূঃ। (১) ডিল্ ওয়াটর্। (ডিল্ কুট্টিত ১ পাউণ্ড, জল ২ গ্যালন্। মাত্রা ১—২ আং।)

(২) ডিল্ অইল্। চুয়াইয়া প্রস্তুত হয়। মাত্রা ১—৪ মিনিম্।

স্বঃ। জিরার ন্যায় ক্ষুদ্র, চেপ্টা, বাদামি, সদ্গন্ধযুক্ত।

২০শ গন্ধদ্রব্য।

ল্যাভেণ্ডার—Lavendula.

ল্যাভিণ্ডিউলা বৃক্ষের পুষ্প।

(১) ল্যাভেণ্ডার অইল্। চুয়াইয়া প্রস্তুত হয়। মাত্রা ১—৪ মিনিম্।

(২) স্পিরিট্ অব্ ল্যাভেণ্ডার্। (ল্যাভেণ্ডার অইল্ ১ আং, শোধিত সুরা ৪৯ আং। মাত্রা ॥০—১ ড্রাম।)

(৩) কম্পাউণ্ড টীংচর্ অব্ ল্যাভেণ্ডার (ল্যাভেণ্ডার অইল্ ১॥০ ড্রাম, রোজ্‌মেরি অইল্ ১০ মিনিম্, দারুচিনি ১৫০ গ্রেণ, জায়ফল ১৫০

গ্রেণ,রক্তচন্দন ৩০০ গ্রেণ,শোধিত সুরা ২ পাইন্ট। মাত্রা ।।০—২ ড্রাম।)

ইহার আক্ষেপ-নিবারক গুণও আছে।

২১শ গন্ধদ্রব্য।

রোজ্ম্যারিনস্—রোজমেরি—Rosemarinus.

রোজম্যারিনিস্ অফিসিন্যালিস বৃক্ষের পুষ্পিত শাখাগ্র।

প্রঃ রূঃ। (১) রোজমেরি অইল্। পুষ্পিত শাখাগ্র হইতে চুয়াইয়া প্রস্তুত হয়। মাত্রা ১—৪ মিনিম্।

(২) স্পিরিট্ অব্ রোজমেরি (রোজমেরি অইল্ ১ আং, শোধিত সুরা ৪৯ আং। মাত্রা ৩০—৬০ মিনিম্।

২২শ গন্ধদ্রব্য।

অইল্ অব্ ক্যাজুপট্—Oleum Cajuputi.

মাত্রা ১—৪ মিনিম্।

মর্টেসি জাতীয় মেলাল্যুকা মাইনর নামক বৃক্ষের পত্র হইতে ইহা প্রস্তুত হয়।

প্রঃ রূঃ। স্পিরিট্ অব্ ক্যাজুপট। (ক্যাজুপট্ অইল্ ১ আং, শোধিত সুরা ৪৯ আং। মাত্রা ।।০—১ ড্রাম।)

ক্রিয়া। ঘর্ম্মকারক, আক্ষেপ-নিবারক।

ব্যবহার। টাইফস্, টাইফইড্ জ্বরে উত্তেজনার্থ, বাত ও গাউট রোগে, শিরঃপীড়ায় ও দন্ত-ক্ষতে এবং উনরাধ্মান রোগে, বিশেষ উপকারী।

২৩শ গন্ধদ্রব্য।

ক্যানেলা আলবা বার্ক—Canallæ Albæ Cortex.

ক্যানেলা আল্‌বা বৃক্ষের বল্‌কল্‌।

স্বঃ। পীত শ্বেত বর্ণের নলাকার গুটিত খণ্ড। লবঙ্গের ন্যায় গন্ধযুক্ত।

২৪শ গন্ধদ্রব্য।

ক্রোকস্‌—স্যাফ্রন্‌ (কুম্‌ কুম্‌)—Croccus

ক্রোকস স্যাটাইভা বৃক্ষের পুষ্পের গর্ভ-কেশর।

প্রঃ রূঃ। টীংচর অব্‌ স্যাফ্রন্‌। (স্যাফ্রন্‌ ১ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ১—২ ড্রাম।)

২৫শ গন্ধদ্রব্য।

স্যাম্বুসিফ্লোরিস্‌—এল্‌ডার্‌ ফ্লাউয়ার্‌—Sambuci Floris.

স্যামবিউকস বৃক্ষের সরস পুষ্প।

প্রঃ রূঃ। এল্‌ড্‌ার ফ্লাউয়ার ওয়াটর। (এল্‌ডার ফ্লাউয়ার ১০ পাউণ্ড, জল ২ গ্যালন। ১ গ্যালন চুয়াইয়া লইবে। মাত্রা ১—২ আং।)

২৬শ গন্ধদ্রব্য।

এনিসি ষ্টেলাটাই ফ্রুক্টস্—ষ্টার্ এনিস্ ফ্রুট্।

Anesi Stellati Fructus.

ম্যাগনোলিয়েসী জাতীয় ইলিসিয়ান্ এনিসেটাম্ বৃক্ষের শুষ্কফল।

স্বঃ। ইহা ৮টী কোষযুক্ত।

প্রঃ। ওলিয়ম্ এনিসাই। মাত্রা ১—৪ মিনিম্।

জরায়ু সঙ্কোচক।

আর্গট অব রাই—Ergot.

মাত্রা ১০—৩০ গ্রেণ।

প্রঃ রূঃ। (১) লিকুইড্ একষ্ট্রাক্ট্ অব্ আর্গট (আর্গট চূর্ণ ১ পাউণ্ড, ইথর ১ পাইণ্ট, পরিস্রুত জল ৬ পাইণ্ট, শোধিত সুরা ৬ আং। মাত্রা ১০—৩০ মিনিম্।)

(২) ইন্‌ফিউজন্ অব্ আর্গট। (আর্গট চূর্ণ ১ আং, উষ্ণ পরিস্রুত জল ১০ আং। মাত্রা ১—২ আং।)

(৩) টীংচর্ অব্ আর্গট। (আর্গট ৫ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ১০ মিনিম্—১ ড্রাম।)

(৪) আর্গটিন্ (আর্গটের তরলসার ও শোধিত সুরা প্রত্যেক ৪ আং। মাত্রা ২—৫ গ্রেণ)

(৫) হাইপোডার্ম্মিক্ ইন্‌জেক্‌সন্ অব্ আর্গটিন্ (আর্গটিন্ ১০০ গ্রেণ, কর্পূরের জল ২০০ গ্রেণ। প্রয়োগার্থ মাত্রা ৩—১০ গ্রেণ্।)

ব্যবহার। বিবিধ যান্ত্রিক ও স্থানিক রক্তস্রাবে ব্যবহার হয়। জরায়ু হইতে শোণিতস্রাবে, প্রসব হইতে বিলম্ব হইলে এবং জরায়ুর অন্যান্য রোগে ব্যবহার হয়।

রজোনিঃসারক।

১ম রজোনিঃসারক।

সোহাগা—Borax.

মাত্রা, ৫—৪০ গ্রেণ্

ইহাকে শোডিবাইবোরস্ বা বাইবোরেট্ অব্ সোডা কহে। তিব্বৎ ও ভারতবর্ষ প্রভৃতি স্থানে দানাকারে পাওয়া যায়।

প্রঃ রূঃ। (১) মেলবোরেসিস্। (সোহাগা চূর্ণ ৬০ গ্রেণ্, গ্লিসরীন্ ৩০ গ্রেণ্, শোধিত মধু ১ আং মিশ্রিত করিবে)।

(২) গ্লিস্‌রীন্ অব্ বোরাক্স। (সোহাগা ১ আং, গ্লিস্‌রীন্—৪ আং। একত্রে মর্দ্দন করিবে।)

স্বঃ। বর্ণ ও গন্ধহীন, স্বচ্ছ, স্তম্ভাকার দানা, ক্ষার আস্বাদ।

ক্রিয়া।—রজোনিঃসারক, জরায়ু-সঙ্কোচক, মূত্রকারক, অম্ল নাশক ও শৈত্যকারক। স্থানিক প্রয়োগে উগ্রতাসাধক।

ব্যবহার। জরায়ুর বিবিধ রোগে ব্যবহার হয়। প্রসবের বিলম্বে,

জরায়ু হইতে শোণিতস্রাবে, লুপ্তরজঃ রোগে, উপকারী। মুখ ও ও জিহ্বাক্ষতে, দন্ত-মূল শিথিলতায় ব্যবহার হয়। প্রমেহ রোগে ইহার পিচকারী ফলপ্রদ।

২য় রজোনিঃসারক।

স্যাবিন্ টপ্স্। Sabinae Cacumina.

মাত্রা, ৫—১০ গ্রেণ্।

কোনিফরি জাতীয় জুনিপরস্ স্যাবিনা নামক বৃক্ষের সরস ও শুষ্ক শাখাগ্র।

প্রঃ রূঃ। (১) ওলিয়ম্ স্যাবাইনি। (সরস শাখাগ্র চুয়াইয়া প্রস্তুত হয়। মাত্রা, ২—৪ মিনিম্)।

(২) টীংচ্যুরা স্যাবাইনি। (শুষ্ক স্যাবিন্ ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ॥০—২ ড্রাম)।

(৩) অঙ্গুয়েণ্টম্ স্যাবাইনি। (সরস স্যাবিন্ কুট্টিত ৮ আং, মোম ৩ আং, বেন্জোয়েটেড্ লার্ড—১৬ আং)।

স্বঃ। ইহার শাখাগ্র চারি স্তবক নূতন পল্লবাচ্ছাদিত, পীত ও হরিৎবর্ণ, বিশেষ উগ্র ও দুর্গন্ধযুক্ত, তিক্ত ও রুক্ষাস্বাদ।

ক্রিয়া। জরায়ুর উত্তেজক ও রজোনিঃসারক, অধিক পরিমাণে ব্যবহারে প্রাদাহিক বিষক্রিয়া প্রকাশ পায়। স্থানিক ব্যবহারে উগ্রতাসাধক।

ব্যবহার। জরায়ুর ক্ষীণতা প্রযুক্ত অল্পরজঃ রোগে, রজোধিক এবং রক্তপ্রদর ও শ্বেতপ্রদর রোগে ব্যবহার হয়। উপদংশ রোগের ক্ষতাদিতে

স্থানিক ব্যবহার ও বি্লিষ্টারের ক্ষত সরস রাখিবার জন্য ইহার মলম ব্যবহার হয়।

৩য় রজোনিঃসারক।

Oleum Rutæ—অইল্ অব্ রিউ।

মাত্রা ১—৪ মিনিম্।

রুটেসি জাতীয় রূটা গ্রেবিয়োলেন্‌স্ নামক বৃক্ষের সরস পত্র ও অপক্ক ফল চুয়াইয়া ইহা প্রস্তুত হয়।

স্বঃ। ঈষৎ পীতবর্ণ, দুর্গন্ধযুক্ত, তিক্ত আস্বাদ। উৎপতিষ্ণু।

ক্রিয়া ও ব্যবহার। রজোনিঃসারক, উত্তেজক, বায়ুনাশক, আক্ষেপ নিবারক। স্থানিক প্রয়োগে উগ্রতাসাধক, ও ফোস্কা কারক।

রজোলোপে এবং জরায়ুর কোন ২ রোগে ব্যবহার হয়।

পারদঘটিত ঔষধ, লৌহঘটিত ঔষধ, মৃগনাভি, হিঙ্গু, গন্ধবোল ও ক্যাষ্টর প্রভৃতি ও রজোনিঃসারক ঔষধ মধ্যে গণ্য।

ক্ষুৎকারক।

তামাক, হেলেবোর্ ও সুগন্ধচূর্ণ প্রভৃতি এই শ্রেণীস্থ ঔষধ।

ফোস্কাকারক।

উত্তাপ, ক্যান্থারাইডিস্, উগ্র এমোনিয়া দ্রব প্রভৃতি এই শ্রেণীস্থ ঔষধ।

স্থানিক উগ্রতা সাধক।

মষ্টার্ড, লঙ্কামরিচ, গোলমরিচ, শুণ্ঠি, এমোনিয়া, ক্রোটন্ অইল, টার্টার্ এমেটিক্, বর্গণ্ডি পিচ্, ক্রিয়েজোট্ প্রভৃতি এই শ্রেণীস্থ ঔষধ

ঘর্ম্মকারক।

ডায়াফরেটিক্স্—Diaphoretics.

১ম ঘর্ম্মকারক।

ষ্ট্রং সল্যুসন্ অব্ এসিটেট অব্ এমোনিয়া।

Liquor Ammonii Acetatis Fortior,

মাত্রা ২৫--৭৫ মিনিম্।

এসেটিক্ এসিড ৫০ আং, কার্ব্বনেট অব্ এমোনিয়া ১৭৷৷০ আং, পরিস্রুত জল সহ ৩ পাইণ্ট পূর্ণ করিবে। এসেটিক্ এসিডে সমক্ষারাম্ল না হওয়া পর্য্যন্ত কার্ব্বনেট অব্ এমোনিয়া যোগ করিয়া পরে জল মিশ্রিত করিবে।

প্রঃ রূঃ। লাইকর এমোনিয়া এসিট্যাস্। (এসিটেট্ অব এমো-নিয়া উগ্র দ্রব ৪ আং, পরিস্রুত জল ২০ আং,। মাত্রা ২—৬ ড্রাম।)

স্বঃ। স্বচ্ছ, তরল, লাবণিক আস্বাদ।

ক্রিয়া। ঘর্ম্মকারক, শৈত্যকারক। বাহ্যব্যবহারে বেদনানিবারক ও শোষক। মুত্রকারক।

ব্যবহার। জ্বরাদিরোগে ঘর্ম্ম ও শৈত্য করণার্থ ব্যবহার্য্য। কেহ কেহ পুরাতন চক্ষু প্রদাহেও ব্যবহার করিতে অনুমোদন করেন।

২য় ঘর্ম্মকারক।

ষ্ট্রং সল্যুসন অব্ সাইট্রেট্ অব্ এমোনিয়া।

Liquor Ammonii Citratis Fortior

মাত্রা ॥০—১॥০ ড্রাম্।

জম্বীরাম্ল ১২ আং, ১ পাইণ্ট পুর্ণযোগ্য জলে মিশ্রিত করিয়া তাহাতে লাইকর এমোনিয়া ফর্টিস্ ১১ আং, মিশ্রিত করিবে।

প্রঃ রূঃ। লাইকর এমোনিয়াই সাইট্রেটিস। (উগ্র সাইট্রেট্ অব্ এমোনিয়মে দ্রব ৫ আং, পরিস্রুত জল ২০ আং। মাত্রা ২—৬ ড্রাম্।)

ক্রিয়া। ঘর্ম্মকারক, শৈত্যকারক, মুত্রকারক।

ব্যবহার। জ্বরাদি রোগে ঘর্ম্ম ও শৈত্যকরণার্থ ব্যবহার্য্য।

৩য় ঘর্ম্মকারক।

সাইট্রেট্ অব্ পটাশ—Potassæ Citras.

সাইট্রিক্এসিড্ পরিস্রুত জলে দ্রব করিয়া সমক্ষারাম্ল না হওয়া পর্য্যন্ত তাহাতে কার্ব্বনেট অব্ পটাশ মিশ্রিত করিয়া গাঢ় করিয়া পরে শুষ্ক করিবে।

স্বঃ। শ্বেতবর্ণ, লাবণিক আস্বাদযুক্ত, গন্ধহীন চূর্ণ।

ক্রিয়া। ঘর্ম্মকারক, শৈত্যকারক, মূত্রকারক।

ব্যবহার। জরাদি রোগে ঘর্ম্ম ও শৈত্যকরণার্থ ব্যবহার হয়। প্রস্রাবে ইউরিক্ এসিডের প্রাবল্য হইলে ইহাতে উপকার দর্শে।

৪র্থ ঘর্ম্মকারক।

টার্টারেটেড্ এণ্টিমনি—Antimonii Tartaratum.

(অবসাদক ঔষধ শ্রেণীতে দেখ।)

৫ম ঘর্ম্মকারক।

ইপিকাকুয়ানা—Ipecacuanha.

(বমনকারক ঔষধ শ্রেণীতে দেখ।)

৬ষ্ঠ ঘর্ম্মকারক।

নাইট্রেট্ অব্ পটাশ—Potassæ Nitras.

অবসাদক ঔষধ শ্রেণীতে দেখ।

৭ম ঘর্ম্মকারক।

স্পিরিট্ অব্ নাইট্রাস্ ইথর্—Spiritus Ætherie Nitrosi.

(মুত্রকারক ঔষধ শ্রেণীতে দেখ।)

৮ম ঘর্ম্মকারক।

জেবরাণ্ডি—Jaborandi.

পত্র চূর্ণের মাত্রা ৫—৬০ গ্রেণ।

ইহাকে পাইলোকার্পাই ফেলিওলা কহে। রুটেসি জাতীয়পাই-লোকার্পস্ পেনাটিফোলিয়ন্ বৃক্ষের শুষ্ক ক্ষুদ্র পত্র।

প্রঃ রূঃ। (১) এক্‌ষ্ট্রাকৃট্ অব্ জেবরাণ্ডি। (জেবরাণ্ডি চূর্ণ ১ পাউণ্ড, পরীক্ষিত সুরা ও পরিস্রুত জল প্রয়োজনানুরূপ। যথাবিধ প্রক্রিয়ায় প্রস্তুত করিবে। মাত্রা ২—১০ গ্রেণ।)

(ক) নাইট্রেট অব্ পাইলোকার্পিন্ (পাইলোকার্পিনের সার, ক্লোরফরম্ ও ক্ষার একত্রে আলোড়ন করিয়া পরে তাহার উৎপাতন ক্রিয়া দ্বারা যাহা পাওয়া যায় তাহা যবক্ষার দ্রাবক সহ সমক্ষারাম্ল করিয়া পরে পুনরায় দানা বাঁধিয়া পরিষ্কৃত করিয়া লইলে ইহা প্রাপ্ত হওয়া যায়। মাত্রা ৴১৲—৷৹ গ্রেণ।)

(২) ইন্‌ফিউজম্ জেবরাণ্ডি। (জেবরাণ্ডি স্থূলচূর্ণ ৷৹ আং, স্ফুটিত জল ১০ আং। অর্দ্ধঘণ্টা আবৃত পাত্রে রাখিয়া ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আং)

(৩) টীংচার অব্ জেবরাণ্ডি। (জেবরাণ্ডি চূর্ণ ৫ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ৷৹—১ ড্রাম।)

স্বঃ। ক্ষুদ্র ডাঁটাযুক্ত পত্র, ৩।৪ ইঞ্চ লম্বা, মূলদেশ অসম, অগ্রদেশ অতীক্ষ্ণ, ধার, অখণ্ড, দৃঢ়। নিষ্পীড়নে অল্প সদ্গন্ধানুভূত হয়। চর্ব্বণে প্রথমতঃ তিক্ত ও পরে উগ্র আস্বাদন অনুভূত এবং লালা নিঃসৃত হয়।

ক্রিয়া। জেবরাণ্ডির ক্রিয়া ইহাতে পাইলোকার্পিন্ ও জেবরিন্ নামক যে দুইটী উপক্ষার আছে, তাহাদেরই উপর সম্পূর্ণরূপে নির্ভর করে। কিন্তু এই দুইটী উপক্ষারের ক্রিয়াফল পরস্পর বিপরীত প্রকার। তন্মধ্যে জেবরিনের ক্রিয়া এট্রোপিয়ার ন্যায় এবং পাইলোকার্পিনের ক্রিয়া তদ্বিপরীত। জেবরাণ্ডি সেবনে প্রথমতঃ মুখমণ্ডল, কর্ণ ও গ্রীবাদেশ আরক্তিম হইয়া পরে শরীরের অপরাপর অংশ আরক্তিম হইয়া উঠে। ইহা সেবনে লালা ও প্রচুর পরিমাণে ঘর্ম্ম নিঃসরণ হয়। পাইলোকার্পিন সেবনে যে জেবরিনের ক্রিয়ায় বিপরীত ক্রিয়া দর্শায় কনীনিকা পরীক্ষায় তাহা জানা যায়। কারণ পাইলোকার্পিন্ সেবনে কনীনিকা আকুঞ্চিত, জেবরিন্ সেবন প্রসারিত হয়। ইহা সেবনে হৃৎপিণ্ডের ক্ষীণতা, মূত্রাশয়ের সঙ্কোচন, প্লীহার আয়তনের হ্রস্বতা ও জরায়ুর সঙ্কোচন উপস্থিত হয়। ইহা সেবনে কখন কম্প উপস্থিত হইয়া শারীরিক উত্তাপ বৃদ্ধি, কখন প্রচুর ঘর্ম্ম নিঃসরণ ও কখন কখন শ্বাসকষ্ট এবং প্রায়ই বিবমিষা ও বমন উপস্থিত হয়। পাইলো-কার্পিনের মাত্রায় ইতর বিশেষে দৃষ্টি বৈষম্য, সান্নিপাতিক অবস্থা, মূত্রকৃচ্ছ্রতা, হিক্কা প্রভৃতি ভয়াবহ লক্ষণ সকলও উপস্থিত হইতে পারে।

নিষেধ। হৃৎপিণ্ডের পীড়া, ফুস্ফুসাবরণের পীড়া বশতঃ রক্ত সঞ্চালনের অবরোধ ও হৃৎপিণ্ডের মেদাপকৃষ্টতা প্রভৃতি লক্ষণ বর্ত্তমানে পাইলোকার্পিন্ প্রয়োগ নিষেধ।

ব্যবহার। (আভ্যন্তরিক) মূত্র পিণ্ডের বিবিধ রোগে ইহা ব্যবহৃত হইয়াছে। এতন্নিবন্ধন ইউরিমিয়া ও শোথরোগে ইহাদ্বারা বিশেষ উপকার দর্শে। ব্রঙ্কাইটিস্, হুপিংকফ্, সর্দ্দি, ক্যাটার্, শ্বাসকাস

প্রভৃতি রোগে ইহা দ্বারা উপকার দর্শে। পুরাতন আমবাতে, মূত্রগ্রন্থির পুরাতন পীড়ায় ও জ্বরেও ব্যবহৃত হইয়াছে।

পাইলোকাপিন্ পরিমিত মাত্রায় সেবনে ঘর্ম্ম অধিক পরিমাণে নিঃসৃত হয়, কিন্তু অপেক্ষাকৃত অল্প মাত্রায় সেবনে নিশাঘর্ম্ম ও অতিঘর্ম্ম নিঃসরণ আরোগ্য হইতে পারে।

(বাহ্যিক ব্যবহার) চক্ষুর বিবিধ রোগ যথা চক্ষু মধ্যে শোণিত স্রাব, পুরাতন ক্যাটার্, রেটিনার পৃথক্ হওন প্রভৃতি রোগে এবং তালু প্রদাহ ও ডিপ্‌থিরিয়া রোগে ইহার স্থানিক প্রয়োগ বিশেষ উপযোগী।

জ্বরাপহ।

১ম জ্বরাপহ।

এণ্টিফিব্রীন্—Antifibrin.

মাত্রা ৩—১০ গ্রেণ্।

প্রতিসংজ্ঞা। ইহাকে এসিট্যানিলাইড্ বা ফেনিল্ এসিট্যামাইড্ কহে।

প্রস্তুত। দানাদার এসিটিক্ এসিড্ সহযোগে এনিলিন্ পাত্র বিশেষে রুদ্ধ করিয়া উত্তপ্ত করিলে এণ্টিফিব্রীন্ প্রস্তুত হয়। উত্তপ্ত করিবার পরে পরিস্রুত ও পরিষ্কৃত করিয়া রাখিয়া দিলে দানাদার শ্বেত বর্ণের গন্ধহীন তীব্র আস্বাদনযুক্ত চূর্ণে পরিণত হয়।

স্বঃ। ইহা শীতল জলে দ্রব হয় না; কিন্তু উষ্ণজলে ও সুরাবীর্য্যে সম্পূর্ণ দ্রবনীয়। সেণ্টিগ্রেডের ১১৩ ডিগ্রী উত্তাপে দ্রব এবং ২৯২

ডিগ্রী উত্তাপে পরিস্রুত হয়; কিন্তু এই উত্তাপে ইহার উপাদানের কোন রাসায়নিক বিকৃতি ঘটে না; ইহা সমক্ষারাম্ল।

ক্রিয়া ও ব্যবহার। এণ্টিপাইরিন্ অপেক্ষা এণ্টিফিব্রীনের ক্রিয়া চারিগুণ অধিক। টাইফাইড্ জ্বর, ইরিসিপিলাসে, তরুন পৈশিক বাত, ক্ষয়কাশ, ফুস্ ফুসের স্ফোটক, জ্বরের বিবিধ অবস্থা (যথা ল্যুসিমিয়া, পাইমিয়া, সেপ্টিসিমিয়া) এবং নিউমোনিয়া প্রভৃতি রোগে বহুসংখ্যক চিকিৎসক কর্ত্তৃক এই ঔষধের উপকারিতা বহুবার পরীক্ষিত হইয়াছে। সুরার সহিত বা সূক্ষ্ম কাগজ আবৃত করিয়া ¼ গ্রাম্ হইতে ১গ্রাম্ পরিমাণে (১ গ্রাম প্রায় ১৫।।০ গ্রেণের তুল্য) সচরাচর এণ্টিফিব্রীন্ ব্যবহৃত হইয়াছে। ডাক্তার কান্ ও এস্, হেপ্ প্রভৃতি চিকিৎসকগণ এই মহৌষধের ক্রিয়া-পরীক্ষা সময়ে এককালে ২ গ্রামের অধিক পরিমাণে কখন ব্যবস্থা করেন নাই। তবে রোগের স্বভাব, স্থায়িত্ব ও উগ্রতার তারতম্য অনুসারে এই ঔষধের মাত্রা বৃদ্ধি করার কোন বিশেষ আপত্তি দেখা যায় না। এই ঔষধের ক্রিয়া এক ঘণ্টা হইতে উর্দ্ধসংখ্যা চারি ঘণ্টার মধ্যে প্রকাশিত হইয়া মাত্রার তারতম্যানুসারে তিন হইতে দশ ঘণ্টা পর্য্যন্ত স্থায়ী হয়।

শারিরীক স্বাভাবিক উষ্ণাঙ্কের কোন ব্যাঘাত না জন্মাইয়া এণ্টিফিব্রীন্ জ্বরের তাপক্রম হ্রাস করে, এবং অনেক বিজ্ঞ চিকিৎসকের মতে অন্যান্য জ্বরঘ্ন ঔষধের ন্যায় ইহা দ্বারা কোন বিঘ্ন উপস্থিত হয় না। ইহা দ্বারা মুখ মণ্ডল আরক্তিম ও প্রচুর ঘর্ম্ম নির্গম হয়। এণ্টিপাইরিনে যেমত মাত্রাধিক্য বশতঃ কম্পন উপস্থিত হয়, ইহা দ্বারা তদ্রূপ হয় না; কিন্তু কোন স্থলে সামান্যরূপ শৈত্যানুভব হওয়ার কথা শ্রুত হওয়া যায়। ইহা সেবনান্তে শারীরিক উষ্ণতার হ্রাসের সহিত নাড়ীর আবেগের হ্রস্বতা অনুভূত ও নাড়ী পরীক্ষণী (স্ফিগ্মোগ্রাফ্) যন্ত্র দ্বারা ধমনীর বিস্তৃতির বিবৃদ্ধি লক্ষিত হইয়া থাকে। কোন কোন রোগীতে পিপাসা প্রবল ও মূত্রাধিক্য হইতে দেখা যায়।

তরুণ পৈশিক বাত রোগে এই ঔষধ দ্বারা অতি সত্বরে বেদনার ও জরের লাঘব হয়। এণ্টিফিব্রীন্ যখন প্রথম ব্যবহৃত হইয়াছিল, তখন রোগীর মুখমণ্ডল ও শাখা চতুষ্টয়ের শেষ ভাগের বিবর্ণতা জন্মাইয়া ভীতির সঞ্চয় করিয়াছিল; কিন্তু কিয়ৎক্ষণ পরে সে লক্ষণ তিরোহিত হওয়ায় সে ভয়ের কারণ অপনীত হইয়াছিল। এই ঔষধের দ্বারা পাকাশয়ে কোনরূপ উপদ্রব উপস্থিত হয় না, অথচ অতি সুলভ বিধায় অল্প মাত্রায় ইহা নির্ব্বিঘ্নে ব্যবস্থা করিতে, কান্ ও এস্, হেপ্ বিশেষ অনুরাগ প্রকাশ করেন।

ওডেসা নগরের ডাক্তার ট্রুসেনিকফ্ টাইফইড্ জর, নিউমোনিয়া ও সোর্‌থ্রোট্ রোগে এই মহৌষধ ব্যবহার করিয়া নিম্ন লিখিত রূপ অভিমত ব্যক্ত করিয়াছেন। তিনি ইহা ৪টী টাইফস্ জর, ২টী নিউমোনিয়া ও ১টী এঞ্জাইনা রোগে ব্যবহার করিয়া নির্দ্দেশ করিয়াছেন :— যে, (১) এণ্টিফিব্রীন্ দ্বারা অতি সত্বরে জরের উষ্ণতার লাঘব হইয়া দুই ঘণ্টার মধ্যে স্বাভাবিক তাপে পরিণত হয়। এই অবস্থায় ২ ঘণ্টা কাল থাকিয়া পরে অল্প শীত ও কম্পের সহিত পুনরায় পূর্ব্বকার উষ্ণতা উপস্থিত হয়। (২) এবম্প্রকারে অতি অল্প সময়ের মধ্যে উষ্ণতার হ্রস্বতা ও বিবৃদ্ধি নিবন্ধন নাড়ীর আবেগের কোন ব্যতিক্রম সংঘটিত হয় না। (৩) দুই গ্রেণ হইতে পাঁচ গ্রেণ্ মাত্রায় এণ্টিফিব্রীন্ ব্যবহার করিলেও অল্প ঘর্ম্ম নিঃসৃত ও শুষ্ক চর্ম্ম কোমল ও আর্দ্র হয়। (৪) এই ঔষধে স্থানিক ক্রিয়াও হইতে দেখা যায়; কারণ, টাইফইড্ প্রভৃতি জরে রোগীর জিহ্বা শুষ্ক ও পুরুলেপ যুক্ত থাকিলে এই ঔষধ সেবনান্তে তাহা আর্দ্র ও লাল হয় এবং মল স্বাভাবিক আকারের হইয়া থাকে। ৫ আউন্স জল ২০ গ্রেণ্ এণ্টিফিব্রীন্ দ্রব করিয়া কুল্লি করিলে মুখ বিবরের এবং ফেরিংসের প্রদাহ আরোগ্য ও পীড়িত স্থান পরিষ্কৃত হয়। (৫) এই ঔষধের এত মহোপকারিতা সত্ত্বেও মূল্য নিতান্ত সুলভ, অর্থাৎ ১ আউন্সের মূল্য ॥৵০ আনার অধিক নহে।

কেজানের অধ্যাপক ডাক্তার বিরোজোস্কী বলেন; ডাক্তার কান্ ও হেপের প্রকাশিত মন্তব্য পাঠে এণ্টিফিব্রীনের জ্বরঘ্ন ক্রিয়া পরীক্ষার্থ তাঁহার ঔৎসুক্য জন্মে। আন্ত্রিক জ্বরে (টাইফইড্ জ্বরে) তিনি ইহা ব্যবহার করিয়া নিম্ন লিখিত অভিমত ব্যক্ত করিয়াছেন। (১) অতি সামান্য মাত্রা (যথা ৪ গ্রেণ্ পরিমাণে প্রতিবার) সেবনেও জ্বরের তাপ ক্রমে লাঘব হয় (অর্থাৎ সেবনের পর ১ ঘণ্টার মধ্যে ৯ ডিক্রী হইতে ২ ডিগ্রী পর্য্যন্ত উত্তাপের লাঘব হয়)। (২) ভিন্ন ভিন্ন জ্বরে ঔষধের ক্রিয়ার স্থায়িত্ব ভিন্ন ভিন্ন রূপ। অবিরাম জ্বরে এই স্থায়ীকাল (সাধারণতঃ ১॥ ঘণ্টা হইতে ৩ ঘণ্টা পর্য্যন্ত) অপেক্ষাকৃত অল্প হয় এবং স্বল্প বিরাম জ্বরে অপেক্ষাকৃত দীর্ঘকাল স্থায়ী হয়; এবং এই জন্যই শেষোল্লিখিত অর্থাৎ স্বল্পবিরাম জ্বর অতি সহজে উপশমিত হইতে পারে। প্রতি ২ ঘণ্টায় ৪ গ্রেণ্ মাত্রায় সেবনে স্বাভাবিক উত্তাপ সংরক্ষিত হইতে পারে। কিন্তু এই ঔষধ সেবন বন্ধ করিবা মাত্র পুনরায় জ্বর-বেগ বৃদ্ধি হইয়া থাকে। (৩) এণ্টিফিব্রীন্ সেবনে নাড়ীর্ স্পন্দন প্রতি মিনিটে ৮ বার হইতে ২২ বার পর্য্যন্ত কমিয়া যায়। (৪) বাস্ক্ সাহেব কৃত ধমনীস্থ শোণিত-সঞ্চাপন-মাপক যন্ত্র (স্ফিগ্ মো-ম্যানোমিটার) দ্বারা অবধারিত হইয়াছে যে, এক মাত্রা এণ্টিফিব্রীন্ সেবনেই ধমনীস্থ শোণিতের সঞ্চাপন বৃদ্ধি এবং ধমনী প্রাকারের আয়তন বৃদ্ধি হইয়া থাকে। (৫) শারীরিক উষ্ণতা হ্রাসের সঙ্গে সঙ্গে মূত্রস্থ ইউরিয়ার পরিমাণের হ্রাস হয়। (৬) রোগীরা আগ্রহ সহকারে এণ্টিফিব্রীন্ সেবন করিয়া থাকে। ইহাতে ক্ষুধা বৃদ্ধি হয় এবং সেবনের পর বমন বা বমনোদ্বেগাদি কোনরূপ কষ্টকর লক্ষণ উপস্থিত হয় না।

২য় জ্বরাপহ।

ফেনাজোনম্—Phenazonum.

এণ্টিপাইরীন্।

মাত্রা ৩—২০ গ্রেণ।

প্রতি সংজ্ঞা। ইহাকে ডাইমিথিল অক্সিচিনিসিন্, ফেনিল্-ডাইমিথিল্-পাইরেজোলন্ বা এণ্টিপাইরীন্ কহে।

ফেনিল্ হাইড্রেজাইন্ হইতে পাওয়া যায়।

স্বঃ। শ্বেতবর্ণ দানাযুক্ত শল্কাকার বা চূর্ণ পদার্থ। ইহা তিক্তাস্বাদ-যুক্ত; জলে দ্রবণীয়; এই জলীয় দ্রবে পার্ক্লোরাইড্ অব্ আয়রণ্ দ্রব মিশ্রিত করিলে গাঢ় লোহিত বর্ণ ধারণ করে। এই চূর্ণ পদার্থ ফার্ণ হিটের ২৩৩ ডিগ্রী উত্তাপে দ্রব হয়।

ক্রিয়া ও ব্যবহার। ইহা সেবনে জ্বরের উত্তাপ নিবারিত, স্থানিক বেদনার হ্রাস ও স্পর্শশক্তি লোপ হয়।

টাইফইড জ্বর, স্কার্লেট্ জ্বর, পৌনঃপুনিক জ্বর, প্রসবান্তের জ্বর, পূজজ্বর ইত্যাদি জ্বরে পুনঃ পুনঃ ব্যবহৃত হইয়া বিশেষ উপকার দর্শিতে দেখা গিয়াছে। নিউমোনিয়া, প্লুরিসি, থাইসিস্ ও ইরিসিপে-লাস্ প্রভৃতি রোগের জ্বরবেগ সত্বরে হ্রাস করিয়া সমূহ উপকার করে।

ডাক্তার আর্, জনসন্ বলেন সন্ধিস্থলের তরুণ বাত রোগে ইহা দ্বারা জ্বরের উপশম সত্বরে হয়, কিন্তু বেদনার তত উপশম হয় না। ইহা সেবনে জ্বরবেগ হ্রাস হওয়ার পরে স্যালাসিলেট্ অব্ সোডা সেবনে সন্ধি বেদনা অতি সত্বরে প্রশমিত হইয়াছিল।

জনসন্ সাহেব থাইসিস্ রোগে (ক্ষয়কাশে) এণ্টিপাইরীন্ ব্যবহার করিয়া দেখিয়াছেন যে সত্বরে জ্বরের উত্তাপ হ্রাস হয় ও তৎপরে যে উত্তাপ বৃদ্ধি হয় তাহা এককালে না হইয়া ক্রমশঃ অতি অল্প পরিমাণে

হয়। নিশা ঘর্ম্ম প্রশমিত ও কোন কোন স্থলে সাধারণ স্বাস্থ্য উন্নত হয়।

কোন কোন চিকিৎসক হিমপ্‌টিসিস্ (রক্তোৎকাশ) রোগে ইহার রক্তরোধক ক্রিয়া পরীক্ষা করিয়াছেন।

ডাক্তার অঙ্গার্ বলেন অর্দ্ধ শিরঃশূল রোগে, রোগ উপস্থিত হইবার প্রাক্কালে ১ হইতে ১॥ গ্রাম্ মাত্রায় (১ গ্রাম্ প্রায় ১৫৷৷০ গ্রেণ্) সেবনে সত্বরে রোগ নিবারিত হয়। কোন কোন স্থলে ইহার ক্রিয়া ব্যর্থ হওয়ার কথাও শুনা যায়। অধ্যাপক থমিয়াকফ্ ও লব্ এণ্টিপাইরীন্‌কে অর্দ্ধ শিরঃশূল ও সর্ব্বপ্রকার শিরঃপীড়া রোগের পক্ষে অতি উৎকৃষ্ট ঔষধ বলিয়া নির্দ্দেশ করেন।

ডাক্তার স্প্রিমন্ সাহেব বলেন ২০ গ্রেণ্ মাত্রায় এণ্টিপাইরীন্ সেবনে অর্দ্ধ শিরঃশূল অতি সত্বরে আরোগ্য হয়। দুর্ব্বলকায় রোগীর পক্ষে প্রথমে ১০ গ্রেণ্ ও অর্দ্ধ ঘণ্টা পরে ১০ গ্রেণ্ ব্যবস্থা করিলে চলিতে পারে।

লম্বেগো, সায়াটিকা, এঞ্জাইনা পেক্‌টোরিস্, শূল ও কষ্টরজঃ রোগে ইহা হাইপোডার্মিক্‌রূপে ব্যবহারে বেদনা ও যাতনার শান্তি হয়। এণ্টিপাইরীন্ দ্বারা কখন কখন হামের ন্যায় কণ্ডু বহির্গত হয়। এমন কি মর্ফিয়া দ্বারা যে স্থলে কোন উপশমদর্শে নাই, ডাক্তার টাইরেল ব্রুক্স্ বলেন তত্তৎস্থলে ইহা মর্ফিয়া অপেক্ষা অধিক কার্য্য করে।

শ্বাসকাশ রোগে বিশেষ উপকারিতার সহিত ইহা ব্যবহৃত হইয়াছে।

সশর্কর মধুমেহ ও মূত্রাধিক্য রোগে (ডায়বিটিস্) ইহা দ্বারা সত্বরে মূত্রের শর্করার পরিমাণ হ্রাস ও মূত্রের পরিমাণ হ্রাস হওয়ার কথা শুনা যায়।

শিশু শরীরে এই ঔষধ অপেক্ষাকৃত ভাল সহ্য হয়। শিশুদিগের ব্রন্‌কাইটিস্, হুপিংকফ প্রভৃতি রোগে উপকার হয়।

৩য় জ্বরাপহ।

ফেনাসেটিনম্—Phenacetinum.

মাত্রা ৫—১০ গ্রেণ্।

ফেনাটিডিন্ নামক পদার্থের উপর এসেটিক্ এসিডের ক্রিয়া দ্বারা ফেনাসেটিন্ প্রস্তুত হয়।

স্বঃ। উজ্জ্বল শ্বেতবর্ণের গন্ধাস্বাদ বিহীন দানাদার চূর্ণ। জল ও গ্লিসরীণে অদ্রবণীয়। উষ্ণ এল্কোহলে সম্পূর্ণ দ্রবণীয়।

ক্রিয়া ও ব্যবহার। জ্বরের উত্তাপ হ্রাস করণ ক্ষমতা ইহার অতিপ্রবল ও স্পর্শহারক গুণ আছে। কিন্তু ইহাতে যে উত্তাপ হ্রাস হয় তাহা দীর্ঘকাল স্থায়ী হয় না। জ্বরের উত্তাপ হ্রাস করণার্থ সচরাচর ৮ হইতে ১০।১২ গ্রেণ পর্য্যন্ত ব্যবহৃত হয়। সেবনের প্রায় অর্দ্ধঘণ্টা পরেই ইহার ক্রিয়া আরম্ভ হয়। ইহা সেবনে এণ্টিপাইরীন্ সদৃশ গাত্রে কোনরূপ কণ্ডু বহির্গত হয় না।

তরুণবাত, স্থানিক স্নায়ুশূল, শিরঃপীড়াদিতে ইহা সেবনে অতি সত্বরে যাতনার উপশম হয় ও ইহার ক্রিয়া এণ্টিফিব্রিন্ অপেক্ষা উৎকৃষ্ট হইয়া থাকে। সেবনের অর্দ্ধ ঘণ্টা পরে যাতনার উপশম হইয়া রোগী সুস্থতা অনুভব করে।

শিশু শরীরে এই ঔষধ উত্তম সহ্য হয় ও স্ত্রীশরীরেও ইহাতে উপকার দর্শে। হিষ্টিরিয়া রোগে উপকার করে।

অন্তরুৎসেচনাপহ।

১ম অন্তরুৎসেচনাপহ।

এসিডম্ বোরিকম্—Acidum Boricum.

মাত্রা ৫—৩০ গ্রেণ্।

ইহাকে বোরাসিক্ এসিড্ও কহে।

সোহাগা ও গন্ধক দ্রাবকের রাসায়নিক ক্রিয়া দ্বারা এবং স্বভাবজ বোরিক এসিড্‌কে শোধন করিলেও এই এসিড্ পাওয়া যায়।

প্রঃ রূ। অঙ্গুয়েণ্টম এসিডাই বোরিসাই; অয়েণ্টমেণ্ট অব্ বোরাসিক্ এসিড্। (বোরাসিক্ এসিড্ চূর্ণ ২॥০ আউন্স, কোমল প্যারাফিন্ ১০ আউন্স, কঠিন প্যারাফিন্ ৫ আউন্স। উভয়বিধ প্যারাফিন্ অগ্নি সন্তাপে দ্রব করিয়া, পরে বোরাসিক এসিড্ মিশ্রিত করিয়া শীতল না হওয়া পর্য্যন্ত নাড়িতে হয়। শীতল হইলে মলম প্রস্তুত হয়।)

স্বরূপ ও রাসায়নিক তত্ত্ব। ইহা শ্বেতবর্ণ, দানাযুক্ত, স্তরে স্তরে অথবা পিণ্ডাকারে সংযত; স্পর্শ করিলে তৈলাক্ত বোধ হয়, ও সহজে চূর্ণ করা যায়। অল্প কটু ও তিক্তাস্বাদ যুক্ত; কিন্তু শেষে মিষ্টাস্বাদ অনুভূত হয়। ইহাতে ৩ ভাগ হাইড্রোজেন্, ১ ভাগ বোরন্ ও ৩ ভাগ অক্সিজেন্ থাকে। ২৫ ভাগ জলে, ৫ ভাগ গ্লিসরীনে, ৬০ ডিগ্রী ফারণহীটের উত্তাপে, ১৬ ভাগ শোধিত সুরায় এবং তিন গুণ স্ফুটিত জলে দ্রব হয়। ইহা দ্বারা লিট্‌মস্ কাগজ অরক্তিম হয়।

ক্রিয়া। ইহা দ্বারা সূক্ষ্ম জীবাণু নষ্ট হয় এবং ইহার পচন নিবারক গুণ আছে। বাহ্যিক ব্যবহারে ইহা যে স্থানে প্রয়োগ করা যায়, সেই

স্থান আরক্তিম করিয়া কার্য্য করে না। আভ্যন্তরিক প্রয়োগ অতি বিরল।

ব্যবহার। পচন নিবারক; এজন্য বিবিধ ক্ষতে ও দুষ্টক্ষতে ইহার মলম বিস্তর ব্যবহৃত হয়। গহ্বরাদি ক্ষতে বা নালী ক্ষতে তুলা বা লিণ্ট সহযোগে ইহা ব্যবহারে বিশেষ উপকার দর্শে।

বিবিধ চর্ম্মরোগে ইহার ধাবন বিশেষ উপযোগী। চক্ষুর পূযযুক্ত প্রদাহে ইহার ধাবন ব্যবহৃত হয়।

গলনলী, কণ্ঠনলী, কর্ণবিবর ও নাসারন্ধ্রের ক্ষতে বোরিক্ এসিড্ চূর্ণ ফুৎকার দ্বারা প্রয়োগে সত্বরে পূযনিঃসরণ রুদ্ধ ও ক্ষত শুষ্ক হয়। মুখের ক্ষতে সোহাগার ন্যায় বোরিক্ এসিড্, গ্লিসরীন বা মধুসহযোগে, বিশেষতঃ এফ্থাস্ রোগে বিশেষ উপকার করিয়া থাকে।

আভ্যন্তরিক প্রয়োগ নিতান্ত বিরল; কিন্তু দুর্গন্ধযুক্ত ঘর্ম্ম নিবারক রূপে ও সূতিকা জ্বরাদিতে কখন কখন ব্যবহৃত হইয়াছে।

২য় অন্তরুৎসেচনাপহ।

ওলিয়ম্ ইউক্যালিপ্টাই—Oleum Eucalypti.

মাত্রা ১—৪ মিনিম্।

ইউকেলিপ্টস্ শ্রেণীর বিবিধ বৃক্ষের বিশেষতঃ মার্টেসি জাতীয় ইউকেলিপ্টস্ ও গ্লোবিউলস্, ইউকেলিপ্টস্ এমিকডেলিনা নামক উদ্ভিদের সরস পত্র হইতে চুয়াইয়া ইহা প্রস্তুত হয়।

প্রঃ রূঃ। অঙ্গুয়েণ্টম্ ইউকেপিলিপ্টাই; অয়েণ্টমেণ্ট অব্ ইউ-কেলিপ্টস্। (ইউকেলিপ্টস্ তৈল ১ আউন্স, কোমল ও কঠিন প্যারাফিন্ প্রত্যেক ২ আউন্স। প্যারাফিন্ গলাইয়া একত্র মিশ্রিত করিয়া লইবে।)

স্বঃ। বর্ণহীন, বায়ু সংযোগে বর্ণ গাঢ় হয়, সদ্গন্ধযুক্ত, উগ্র মিষ্টাস্বাদ বিশিষ্ট। সমভাগ সুরাবীর্য্যে দ্রব হয়।

ক্রিয়া। ইহার প্রধান ক্রিয়া পচন নিবারক ও দুর্গন্ধহারক। বাহ্যিক প্রয়োগে প্রত্যুগ্রতাসাধক ও অধিকক্ষণ তৈল প্রযুক্ত অবস্থায় রাখিলে স্থানিক ফোস্কাকারক। অবিমিশ্রিতাবস্থায় সেবনে জিহ্বা, গলনলী ও পাকাশয় মধ্যে দাহ উপস্থিত হয়, তরল দাস্ত হইতে থাকে, ক্ষুধামান্দ্য হয়, বমনোদ্রেক হইতে থাকে। অধিক মাত্রায় সেবনে বিষক্রিয়া করে ও পক্ষাঘাত বশতঃ মৃত্যু হইতে পারে। মুত্র ও শ্বাস প্রশ্বাসের সহিত ইহা নির্গত হয়।

ব্যবহার। ইহার পচন নিবারক গুণ অতি প্রবল বিধায় অস্ত্রকার্য্যে ও ক্ষতাদিতে ইহার ধাবন ও গজ্ ব্যবহৃত হয়। সপূয কর্ণে তৈল বা গ্লীসরীন্ সহ প্রয়োগে আশু শান্তি হইতে দেখা গিয়াছে। কেহ কেহ বলেন, জরায়ুর ক্যাটার্, ও প্রসবান্তে ইহার পিচকারী ও পেসারি বিশেষ উপযোগীতার সহিত ব্যবহৃত হইয়াছে।

সেপ্‌টিসিমিয়া রোগে ইহার অধঃত্বাচ্ প্রয়োগ ব্যবহারে উপকার হওয়ার কথা শুনা যায়; কিন্তু প্রয়োগে বিশেষ সতর্কতার প্রয়োজন।

সপর্য্যয় জ্বরে পর্য্যায়নিবারনার্থও সতেজ জ্বরে জ্বরবেগ লাঘব করণার্থ ব্যবহারে কেহ কেহ অনুমোদন করেন। কিন্তু এতদুভয় প্রকার জ্বরে কুইনাইন্ অপেক্ষা ভালকাজ করে বলিয়া বোধ হয় না।

৩য় অন্তরুৎসেচনাপহ।

মেন্থল্—Menthol.

মাত্রা ॥০—২ গ্রেণ্

লেবেয়েটি জাতীয় মেন্থা অরভেন্সিস্ ও মেন্থাপিপারেটা নামক সরস গুল্ম চুয়াইয়া যে তৈল প্রাপ্ত হওয়া যায়, তাহা শীতল হইলে দানা বাঁধিয়া ইহা প্রস্তুত হয়।

প্রঃ রূঃ। এম্প্লাস্ট্রম্ মেন্থল। (মেন্থল্ ২ অংশ, দ্রব পীত মোম ১ অংশ, ধূনা ৭ অংশ একত্র দ্রব করিয়া লইবে।)

স্বঃ। দেখিতে বর্ণ হীন, সূচ্যাকারের দানা, ঈষৎ আর্দ্র, পিপারমেণ্টের ন্যায় গন্ধ ও আস্বাদ যুক্ত, জিহ্বায় স্পর্শে উষ্ণতানুভূত হয়। জলে অল্প ও শোধিত সুরার সম্পূর্ণ দ্রবণীয়।

ক্রিয়া। আভ্যন্তরিক প্রয়োগ অবসাদক, মস্তিষ্কের অবসাদন ও পরে পক্ষাঘাত জন্মে। কিন্তু আভ্যন্তরিক প্রয়োগের কথা অল্পই শুনা যায়। বাহ্যিক প্রয়োগে চর্ম্মের উগ্রতা সাধক; কিন্তু প্রযুক্ত স্থানে পরে বায়ু সংস্পর্শে শীতলতা অনুভূত হয়। তদ্ব্যতীত ইহা অতি উত্তম পচন নিবারক।

ব্যবহার। বিবিধ প্রকার স্নায়ু শূল, সায়েটিকা, লম্বেগো প্রভৃতি রোগে স্থানিক মর্দ্দনে সমূহ উপকার করে। দন্তশূলে ও দন্ত গহ্বরে তুলা ভিজাইয়া প্রয়োগে সত্বরে যাতনা প্রশমিত হয়।

৪র্থ অন্তরুৎসেচনাপহ।

ক্রাইসারোবিনম্—Chrysarobinum.

মাত্রা, ১/৬—১/২ গ্রেণ্।

লিগিউমিনোসি জাতীয় এণ্ডিরা এরারোট নামক বৃক্ষ হইতে প্রাপ্ত শুষ্ক চূর্ণাকারের পদার্থ।

প্রঃ রূঃ। অঙ্গুয়েণ্টম্ ক্রাইসারোবিনম; অয়েণ্ট্মেণ্ট অব ক্রাইসারোবিন্। (ক্রাইসারোবিন ১ আং, বেনৃজোয়েটেড্ লার্ড ২৪ আং। মিশ্রিত করিয়া লইবে।)

স্বঃ। ধূসর মিশ্রিত পীতবর্ণ, গন্ধাস্বাদ হীন চূর্ণ।

ক্রিয়া। ইহার প্রধান ক্রিয়া পরাঙ্গপুষ্ট কীট নাশক। আভ্যন্তরিক প্রয়োগে পাকাশয়ের উত্তেজক। কিন্তু আভ্যন্তরিক প্রয়োগ কদাচিৎ হইয়া থাকে।

ব্যবহার। বিবিধ চর্ম্মরোগ, যথা সোরায়েসিস্, একৃজিমা, ইম্পিটাইগো, দাউদ প্রভৃতি রোগে মলমাকারে ইহা প্রয়োগে বিশেষ উপকার দর্শে। মুখ ও মস্তকে প্রয়োগ করা অনুচিত; কারণ, তথায় শোথ উপস্থিত হইতে পারে।

৫ম অন্তরুৎসেচনাপহ।

থাইমল্—Thymol.

মাত্রা ॥০—২ গ্রেণ্

লেবিয়েটি জাতীয় থাইমস্ ভল্গেরিয়া ও মনার্ডা পংকৃটেটা এবং অম্বেলিফেরি জাতীয় ক্যারাম্ আজোয়ান্ হইতে প্রাপ্ত বায়ী তৈল, কষ্টিক সোডা সহ সাবান প্রস্তুত ও সাবানের সহিত লবণ দ্রাবক মিশ্রিত করিয়া অথবা অল্প উত্তাপে তৈল চুয়াইলে ইহা দানাকারে প্রস্তুত হয়।

স্বঃ। জোয়ানের ন্যায় সুগন্ধ ও আস্বাদযুক্ত, স্তম্ভাকার দানা। শীতল জলে অল্প, সুরাবীর্য্যে, ইথরে ও ক্ষারদ্রব্যে সম্পূর্ণ দ্রবণীয়।

ক্রিয়া। ইহার ক্রিয়া—অনেকাংশে কার্ব্বলিক্ এসিড্ ও তার্পিণ তৈলের ন্যায়। উত্তম পচন নিবারক ও সংক্রমাপহ। বাহিক প্রয়োগে উগ্রতা জন্মে ও স্থানীয় শ্লৈষ্মিক ঝিল্লির স্পর্শানুভব শক্তির হ্রাস হয়।

আভ্যন্তরিক প্রয়োগে অধিক ঘর্ম্ম নিঃসৃত হয়, কর্ণে একরূপ শব্দ অনুভূত হয় ও বধিরতা জন্মিতে পারে। অধিক মাত্রায় প্রাদাহিক বিষ-ক্রিয়া করে।

ব্যবহার। (আভ্যন্তরিক) মূত্রাশয়ের বিবিধ রোগ যথা, মধুমেহ, মূত্রাশয়ের ক্যাটার্, মূত্রাধিক্য প্রভৃতি রোগ ব্যবহৃত হইয়াছে।

(ব্যাহিক প্রয়োগ) বিবিধ ক্ষতে কার্ব্বনিক্ এসিডের পরিবর্ত্তে ইহা ব্যবস্থা করা যাইতে পারে। তদ্ব্যতীত সোরায়সিস্, একজিমা, দাউদ প্রীতি চর্ম্মরোগে উপকার করে।

গলের ক্ষতে কুল্লি, গুজিনা রোগে পিচকারী এবং ফেরিন্জাইটিস্ রোগে কেহ কেহ ইহার বাষ্প ব্যবহারে অনুমোদন করেন।

৬ষ্ঠ অন্তরুৎসেচনাপহ।

রেসর্সিন্—Resorcin.

মাত্রা ৫ হইতে ১৫ বা ৩০ গ্রেণ্।

বেঞ্জিন্ বা ফিনল্ হইতে প্রস্তুত হয়।

স্বঃ। বেন্জোইক্ এসিডের ন্যায় শ্বেতবর্ণ চেপ্টা দানাযুক্ত, সহজে উদ্বায়ী। দ্বিগুণের ন্যূন অংশ জলে ও ২০ অংশ জলপাই তৈলে দ্রবণীয়।

ক্রিয়া। প্রবল পচন নিবারক। শতকরা ১ অংশের দ্রবে প্যাং-ক্রিয়া, শোনিত, মূত্র প্রভৃতির পচন ক্রিয়া নিবারণ ও অপেক্ষাকৃত বর্দ্ধিত মাত্রার দ্রবে জীবাণু সকল ধ্বংস হয়। ইহাতে অণ্ডলাল সংযত হয় ও চর্ম্মোপরি প্রয়োগে দাহক ক্রিয়া করে। আভ্যন্তরিক প্রয়োগে কুইনাইনের তুল্য জ্বরঘ্ন ও ঘর্ম্মকারক।

ব্যবহার। (বাহ্যিক) শতকরা ২ হইতে ৩ অংশের দ্রব পিচকারী রূপে প্রয়োগে গনোরিয়া রোগে বিশেষ উপকার দর্শে। হুপিংকফ্ রোগে ইহা স্প্রেরূপে ২ ঘণ্টা অন্তর ব্যবহারে ও তুলিদ্বারা লেরিংশে প্রয়োগে সমূহ উপকার করে। ডিপ্থিরিয়া রোগে শতকরা ৫০ অংশের দ্রব তুলিদ্বারা স্থানিক প্রয়োগ ও সেই সঙ্গে ১৫ হইতে ৬০ গ্রেণ্ পর্য্যন্ত দৈনিক সেবনে রোগ আরোগ্য হইয়াছে। ল্যুপস্ ও একজিমা রোগে ১ বা ২ অংশ এই ঔষধ ১০ অংশ ভেসিলিনের সহিত মিশ্রিত করিয়া মলম করনান্তর প্রয়োগে উপকার হয়। সোরায়াসিস্ রোগে শতকরা ২০ অংশের মলম প্রয়োগে উপকারী। এতদ্ব্যতীত ক্যান্সার, ইরিসিপেলাস্, স্কর্লেটিনা, কুষ্ঠ প্রভৃতি রোগেও ব্যবহৃত হইয়াছে।

(আভ্যন্তরিক) জ্বর রোগে শারীরিক উত্তাপ হ্রাস করণ পক্ষে ইহা ব্যবহৃত হইয়াছে, কিন্তু কুইনাইন্ অপেক্ষা ইহার ক্রিয়া মৃদু। সামুদ্রিক বমন ইহা সেবনে নিবারিত হয়।

৭ম অন্তরুৎসেচনাপহ।

ওলিয়ম্ ক্যাডিনম্—Oleum Cadinum.

কনিফেরি জাতীয় জুনিপ্রস অক্সিসিড্রস্ হইতে প্রাপ্ত হওয়া যায়।

স্বঃ। দেখিতে গাঢ় রক্তাভ পিঙ্গলবর্ণ, স্পর্শে আঠাবৎ তৈলাক্ত তরল, আঘ্রাণে সুগন্ধযুক্ত, আস্বাদনে মিষ্টাস্বাদ। ইথর ও ক্লোরফর্মে দ্রব হয়। উষ্ণ সুরায় দ্রবনীয় ও জলে অতিসামান্যংশ দ্রব হয়।

ক্রিয়া। পচন নিবারক। স্থানিক স্পর্শ শক্তি হারক।

ব্যবহার। ইহার আভ্যন্তরিক প্রয়োগ হয় না। একজিমা, সোরায়সিস্, প্রভৃতি বিবিধ চর্ম্মরোগে ব্যবহৃত হয়।

৮ম অন্তরুৎসেচনাপহ।

গ্লুসিডম্—Glusidum.

মাত্রা ॥০—২ গ্রেণ্।

কোল্‌টারের টোলুইন্ হইতে প্রাপ্ত হওয়া যায়। ইহাকে সাধারণতঃ স্যাকারিন্ কহে।

স্বঃ। ইহা দেখিতে শ্বেতবর্ণ সূক্ষ্ম দানা, বিলক্ষণ মিষ্টাস্বাদ যুক্ত। ২০০ ডিগ্রী উত্তাপে দ্রব হইয়া পরে ধূমাকার প্রাপ্ত হয়। শীতল জল ও ক্লোরফরমে অল্প দ্রবণীয়। স্ফুটিত জল ও শোধিত সুরায় অপেক্ষাকৃত অধিক দ্রব হয় এবং জল মিশ্রিত এমোনিয়া দ্রব ও বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ দ্রবে সম্পূর্ণ দ্রবণীয়।

ক্রিয়া। পচন নিবারক।

ব্যবহার। ডায়াবিটিস্ বা সশর্কর মধুমেহ রোগে ব্যবহারে উপকার হয়। মাত্রাধিক্য জন্মিলে অজীর্ণাদি লক্ষণ জন্মে।

পুরাতন মূত্রাশয় প্রদাহে বিশেষ উপকার করে। যক্ষ্মারোগে ও টাইফইড্ রোগে জ্বর নিবারণ করে।

———

পরিশিষ্ট।

☞ ভ্রমবশতঃ নিম্নের লিখিত কয়েকটী প্রয়োগরূপ যথাস্থানে সন্নিবেশিত হয় নাই। পাঠকালে ইহা সংশোধন করিয়া লইয়া পাঠ করিতে হইবেক।

পৃষ্ঠা—১০৭।

অহিফেন হইতে প্রাপ্ত।

কোডেইনা—কোডেইন্। মাত্রাঃ—২ গ্রেণ্। অহিফেন হইতে প্রস্তুত হয়। মর্ফাইন্ প্রস্তুতের পর যে এমোনিয়া ঘটিত দ্রব থাকে তাহা উৎপাতিত করিলে যাহা অবশিষ্ট থাকে, তাহাতে জল মিশ্রিত করিয়া কষ্টিক্পটাশ্ সংযোগে অধঃস্থ করিবে, এবম্প্রকারে প্রাপ্ত অধঃস্থ উপকারকে ইথর্ দ্বারা দানা বাঁধিয়া শোধিত করিয়া লইবে।

ক্রিয়া। মর্ফিয়া অপেক্ষা ক্ষীণ। স্নায়বীয় অনিদ্রা, বাত, ডায়াবিটিস্ প্রভৃতি রোগে ব্যবহৃত হয়। উদরের বিবিধ বেদনায় সমূহ উপকার করে।

পৃষ্ঠা—১০৭।

অহিফেন হইতে প্রাপ্ত।

মেকনিক্-এসিড্—এসিডম্ মেকনিকম্। অহিফেনের অম্ল বিশেষ।

ইহার বাহ্যিক বা আভ্যন্তরিক ব্যবহার হয় না। ফার্ম্মা কোপিয়ার লাইকর্ মর্ফাইনি বাইমেকনেটিস্ প্রস্তুতার্থ আবশ্যক হয়।

লাইকর্ মর্ফাইনী বাইমেকনেটিস্ (হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইন্ ৯ গ্রেণ, এমোনিয়া দ্রব আবশ্যকমত, মেকনিক্ এসিড্ ৬ গ্রেণ, শোধিত সুরা ॥৹ আং, পরিস্রুত জল আবশ্যক মত। ১।৹ আং পূর্ণ করিবে। মাত্রা ৫—১০ মিনিম্।)

পৃষ্ঠা—১১১।

মর্ফিয়ার প্রয়োগ রূপ।

(৩) মর্ফাইনী-সল্ফাস্—সল্ফেট্ অব্ মর্ফিয়া। মাত্রা $\frac{১}{৮}$—$\frac{১}{২}$ গ্রেণ।

হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফিয়া প্রস্তুতের পর যে মর্ফাইন্ প্রাপ্ত হওয়া যায় তাহার দ্বিগুণ স্ফুটিত পরিস্রুত জল মিশাইয়া তাহার সহিত ক্রমশঃ জল মিশ্রিত গন্ধক দ্রাবক মিশ্রিত মিশ্রিত ও আলোড়িত করিলে মর্ফিয়াদ্রব ও সমক্ষারাম্ল হয়। শীতল হইলে দানা বাঁধে ও শোষক কাগজে শুষ্ক করিলে ইহা প্রস্তুত হয়।

ইহা হইতে প্রস্তুতঃ—

লাইকর্ মর্ফাইনী সল্ফেটিস্ (সল্ফেট্ অব মর্ফাইন্ ৩৫ গ্রেণ, শোধিত সুরা ২ আং, পরিস্রুত জল ৮ আং। মাত্রা ১০—৬০ মিনিম্)।

সল্ফেট্ অব মর্ফাইনের ক্রিয়া হাইড্রোক্লোরেট্ অব মর্ফাইনের তুল্য, সুতরাং পুনরুল্লেখ অপ্রয়োজন।

পৃষ্ঠ—১২৪।

লপ্যুলিনম্—লপ্যুলিন্। ইহা হিউম্যুলস্ লপ্যুলসের শুষ্ক গুচ্ছ হইতে প্রাপ্ত গ্রন্থি। মাত্রা ২—৫ গ্রেণ।

পৃষ্ঠা—১৭৩।

আইওডোফারমের প্রয়োগরূপ।

(১) অঙ্গুয়েণ্টম্ আইওডোফর্ম্ াই—অয়েণ্টমেণ্ট অব (আইওডো-ফারম্ ১ অংশ, বেন্‌জোয়েটেড্ লার্ড ৯ অংশ।)

(২) সপোজিটোরিয়া আইওডোফর্ম্ াই—সপোজিটোরি অব্ আইওডোফরম্ (চূর্ণ আইওডোফরম্ ৩৬ গ্রেণ, থিওব্রোমা অইল ১৪৪ গ্রেণ। ইহাতে ১২টী সপোজিটোরি করিবে।

পৃষ্ঠা—২৪৯।

ক্যাল্সিস্ সল্ফাস্—সল্ফেট্ অব ক্যাল্সিয়ম। ইহা কেবল ক্যাল্ক্স সল্ফিউরেটা প্রস্তুত জন্য ফার্ম্মাকোপিয়ার গৃহীত হইয়াছে।

ক্যাল্ক্স সল্ফিউরেটা—সল্ফিউরেটেড্ লাইম্। ইহাকে ক্যাল্সিয়াই সল্ফাইডম্ কহে। সল্ফটে, অব্ ক্যাল্সিয়ম্ সূক্ষ্মচূর্ণ ৭ আং; কাষ্ঠাঙ্গার সূক্ষ্মচূর্ণ ১ আং একত্রে সম্পূর্ণরূপে মিশ্রিত করিবে। উত্তাপ প্রয়োপ প্রস্তুত হয়। মাত্রা $\frac{১}{১০}$—১ গ্রেণ।

ক্রিয়া। গ্রন্থি বিবর্দ্ধন, স্ক্রফিউলা, কাষ্ঠাফল স্ফোটক, ডায়াবিটিস্ জনিত স্ফোটকাদি, ডিফ্থিরিয়া, ক্রুপু। ক্যান্‌সার্ প্রভৃতি রোগে সু ফলের সহিত ব্যবহৃত হইয়াছে।

পৃষ্ঠা—২৫৯।

ট্যারাক্‌সেকমের প্রয়োগরূপ।

(৪) এক্‌ষ্ট্রাক্‌ট ট্যারাক্‌সেসাই লিকুইড। (ট্যারাক্‌সেকমের শুষ্ক

মুল ৪০ আং, পরীক্ষিত সুরা ৪ পাইণ্ট, পরিস্রুত জল আবশ্যকমত। ৪০ আং হইবে। মাত্রা।৹—২ ড্রাম।)

পৃষ্ঠা—২৬৩।

সিনামনের প্রয়োগরূপ।

(৫) স্পিরিট্ সিনেমন্। (দারুচিনির তৈল ১ আং, শোধিত সুরা ৪৯ আং। দ্রব করিবে। মাত্রা ॥৹—১ ড্রাম।)